# ثوابت على درب الجهاد

# জিহাদের স্থায়ী ও অবিচল বিষয়সমূহ

## শাইখ ইউসুফ আল উয়াইরি

এর উপরে লেকচার দিয়েছেন ইমাম আনোয়ার আল-আওলাকি
(আল্লাহ্ ﷻ তাঁকে হিফাজত করুন)

আল-ক্বাদিসিয়াহ মিডিয়া
মারকাজ সাদা আল-জিহাদ
গ্লোবাল ইসলামিক মিডিয়া ফ্রন্ট

# ثوابت على درب الجهاد

## জিহাদের পথে স্থায়ী ও অবিচল বিষয় সমূহ

*শাইখ ইউসূফ আল উয়াইরি*

*[এর উপরে শহীদ ইমাম আনোয়ার আল-আওলাকি লেকচার দিয়েছেন*

*(আল্লাহ্‌ ﷻ তাঁকে জান্নাতুল ফেরদৌস দান করুন)]*

*পরিবেশনায়*

**আল-ক্বাদিসিয়াহ মিডিয়া**

## [সূচী পত্র]

## সম্পাদকীয়

*বিসমিল্লাহির রাহমানির রাহীম। আস্‌সালামু ‘আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু। আলহামদুলিল্লাহ,* আল্লাহ্‌ আমাদের এই বইটি সেই সব মু'মিনদের উপহার দেবার সুযোগ করে দিয়েছেন, যারা আল্লাহ্‌র সেই আহবানে সাড়া দিয়েছে অথবা দিতে চাচ্ছে, যখন আল্লাহ্‌ ﷻ বলেন,

﴿ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا هَلْ أَدُلُّكُمْ عَلَى تِجَارَةٍ تُنْجِيكُمْ مِنْ عَذَابٍ أَلِيمٍ ﴾﴿ تُؤْمِنُونَ بِاللَّهِ وَرَسُولِهِ وَتُجَاهِدُونَ فِي سَبِيلِ اللَّهِ بِأَمْوَالِكُمْ وَأَنْفُسِكُمْ ذَلِكُمْ خَيْرٌ لَكُمْ إِنْ كُنْتُمْ تَعْلَمُونَ ﴾﴿ يَغْفِرْ لَكُمْ ذُنُوبَكُمْ وَيُدْخِلْكُمْ جَنَّاتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ وَمَسَاكِنَ طَيِّبَةً فِي جَنَّاتِ عَدْنٍ ذَلِكَ الْفَوْزُ الْعَظِيمُ ﴾

**“হে মুমিনগণ, আমি কি তোমাদেরকে এমন এক বানিজ্যের সন্ধান দিব, যা তোমাদেরকে যন্ত্রণাদায়ক শাস্তি থেকে মুক্তি দেবে? তা এই যে, তোমরা আল্লাহ্‌ ও তাঁর রসূলের প্রতি বিশ্বাস স্থাপন করবে এবং আল্লাহ্‌র পথে নিজেদের জান ও মাল দিয়ে জিহাদ করবে। এটাই তোমাদের জন্যে উত্তম; যদি তোমরা বোঝ। তিনি তোমাদের পাপরাশি ক্ষমা করবেন এবং এমন জান্নাতে দাখিল করবেন, যার পাদদেশে নদী প্রবাহিত এবং বসবাসের জান্নাতে উত্তম বাসগৃহে। এটা মহাসাফল্য। এবং আরও একটি অনুগ্রহ দিবেন, যা তোমরা পছন্দ কর। আল্লাহ্‌র পক্ষ থেকে সাহায্য এবং আসন্ন বিজয়। মুমিনদেরকে এর সুসংবাদ দান করুন।”**[১]

**“ছাওয়াবিত আ'লা দারব-আল-*জিহাদ*”**- বইটি *জিহাদ* বিষয়ক সমসাময়িক বইগুলোর মধ্যে অন্যতম। এটা ইউসুফ আল উয়ায়রী' رحمه الله -র লেখা। তিনি অত্যন্ত অল্প বয়সে স্বদেশ ছেড়ে আফগানিস্তানে গিয়ে রাশিয়ানদের বিরুদ্ধে যুদ্ধ করেন। যারা তাকে ভালভাবে চিনতো, তাদের বর্ণনা মতে তিনি তীক্ষ্ণ বুদ্ধির অধিকারী ছিলেন। তাদের বর্ণনা অনুযায়ী, যুদ্ধ ময়দানে ব্যবহৃত যেকোন অস্ত্র সম্বন্ধে তার অসমান্য দক্ষতা ছিল এবং এসব অস্ত্রচালনা ও প্রশিক্ষণে তিনি ছিলেন সুদক্ষ।

পরে তিনি আরবভূমিতে ফিরে এসে চেচনিয়ার (শীশান) মুজাহিদদের সাহায্য করেন এবং তাদের জন্য তহবিল সংগ্রহ করেন । সময় অতিবাহিত হল, তিনি এক সময় গ্রেফতার হলেন এবং কয়েক বছর জেলেও ছিলেন। জেলে থাকাবস্থায় তিনি বুখারী ও মুসলিম শরীফ মুখস্ত করেন। জেল থেকে বেরিয়ে তিনি কতগুলো বই লিখেন যার প্রতিটি এক একটি কালজয়ী এবং মহামূল্যবান। তার বইয়ে যেমন কুরআন ও সুন্নাহর উল্লেখ থাকে, তেমনি বর্তমান সময়ের ঘটনাবলীর উল্লেখও রয়েছে। তিনি পরে আরব ভূমিতে তৃগুতের গোয়েন্দা বাহিনীর হাতে নিহত হন। আমরা আল্লাহ্‌র কাছে দো'আ করি, যেন উনি শহীদ হিসেবে গণ্য হন। আমীন।

ইমাম আনওয়ার আল-আওলাকি লেকচার সিরিজের মাধ্যমে এ বইটিকে নতুনভাবে উপস্থাপন করেন। এটা আমাদের বর্তমান সময়ের সাথে অত্যন্ত ঘনিষ্ঠভাবে সংশ্লিষ্ট বিস্তারিত একটা লেকচার সিরিজ, যা আমাদের জন্য অত্যন্ত সময়োপযোগী। কেননা, এখন কোন খিলাফাহ নেই এবং অনেক মুসলিমই দাবী করছে যে, “এখন জিহাদের সময় না”, তাছাড়া যদিও কিছু মুসলিম এটা বুঝে যে খিলাফাহ প্রতিষ্ঠা করা আমাদের কর্তব্য, অধিকাংশ মুসলিম ও ইসলামী আন্দোলন দুঃখজনকভাবে পাশ্চাত্য দৃষ্টিকোণ থেকে দ্বীনকে বোঝার চেষ্টা করে। জিহাদের ধারণাটা আসলে এমন হয়েছে যে, এখানে *জিহাদ* করাটা “ভীষণ বিপজ্জনক!” তাদের আসলে আল্লাহ্‌র উপর ভরসা নেই এবং অনেক মুসলিমই প্রচার করে যে, আমাদের আরও ঈমান ও ইয়াক্বীন দরকার। বাস্তবিক অর্থে, যখন বান্দা আল্লাহকে খুশি করার জন্য এক কদম আগায়, আল্লাহর উপর তার ভরসা আরও শক্তিশালী হয়। কেননা, হাদীসে কুদসী থেকে আমরা জানি যে, *‘বান্দা যখন আল্লাহর দিকে এক কদম এগোয়, আল্লাহ তখন তার দিকে বহু কদম এগিয়ে আসেন।’* এছাড়া *জিহাদ* বলতে তারা অন্য আর যেকোন কিছুর চেয়ে অন্তরের সংগ্রামই বেশি বুঝে থাকে। যদিও এটা ভাষাগত দিক থেকে ঠিক, তথাপি তা জিহাদের একটি ঘুড়ানো-প্যাচানো এবং বিকৃত ধারণা। যাই হোক, ইসলামী দৃষ্টিকোণ থেকে *জিহাদ* হচ্ছে আল্লাহর জন্য লড়াই করা (*জিহাদ ফী সাবিলিল্লাহ*)।

ইসলাম আসার পূর্বেও আরবরা *সলাত* শব্দটি ব্যবহার করত, এর অর্থ ছিল তখন দো'আ (প্রার্থনা) করা। কিন্তু যখন ইসলাম আসল, এর অর্থ পরিবর্তিত হয়ে আমাদের এই অতিপরিচিত ইবাদত (নামায) হল, যদিও এর ভাষাগত অর্থ: প্রার্থনাই রয়ে গেল। এই একই নীতি

[১] সুরা আস-সফঃ ১০-১২

জিহাদের ক্ষেত্রে প্রযোজ্য। আগে এর সাথে আল্লাহর জন্য যুদ্ধ করার কোন ব্যাপারই জড়িত ছিল না, কিন্তু যখন ইসলাম আসল, তখন স্পষ্টতই ইসলাম এর অর্থ পরিবর্তন করে দিল। কেউ হয়ত যুক্তি দেখাবে যে, আল কুরআনে '*জিহাদ*' শব্দটি 'চেষ্টা সাধনা' করার অর্থে ব্যবহৃত হয়েছে। সত্যিই, কুরআনে এমন বহু আয়াত রয়েছে। কিন্তু আমরা আগেই বলেছি, জিহাদের সামগ্রিক প্রয়োগ পরিবর্তিত হয়েছে, যদিও এর ভাষাগত অর্থ একই রয়ে গেছে। উদাহরণস্বরূপ, আবু হুরায়রা ﵁ হতে বর্ণিত, রসূল ﷺ বলেন, *"যে কেউ কোন গায্‌ওয়া (জিহাদ)-তে অংশগ্রহণ না করেই মৃত্যু বরণ করে অথবা এমন (অংশগ্রহণের) ইচ্ছাও পোষণ না করে, সে নিফাকের একটি শাখার উপর মৃত্যু বরণ করল।"*[২]

তিনি কি এখানে "নাফ্‌সের বিরুদ্ধে জিহাদ" -এর কথা বলেছেন? মোটেও না। আরেকটি উদাহরণ দেখুনঃ আব্দুল্লাহ্‌ ইবনে উমার থেকে বর্ণিত, আমি আল্লাহর রসূল ﷺ কে বলতে শুনেছি, *"যখন তোমরা ব্যবসা-বাণিজ্যে মশগুল হয়ে যাবে, ষাড়ের লেজ আকড়ে ধরে থাকবে, কৃষিকাজে সন্তুষ্ট হয়ে যাবে এবং জিহাদ পরিত্যাগ করবে, আল্লাহ তোমাদের উপর অবমাননা বিস্তার করে দিবেন এবং ততক্ষণ পর্যন্ত তা সরাবেন না, যতক্ষণ না তোমরা তোমাদের প্রকৃত দ্বীনে (সত্যিকার ইসলাম) ফিরে আসবে।"*[৩]

এখানে *জিহাদ* অর্থ যুদ্ধ নয়, বরং সংগ্রাম করা এমনটি বলার কোন মানে হয় কি? এই হাদীস আমাদের *জিহাদ* পরিত্যাগ করার পরিণতি কি তা জানিয়ে দেয়। আজ আমরা জিহাদের আক্বীদা বিকৃত করে একে কেবল "নাফ্‌সের বিরুদ্ধে জিহাদ" পর্যায়ে নামিয়ে এনেছি। খুব সামান্যই এর দ্বারা আমরা যুদ্ধ করা বুঝাই। ফলস্বরূপ, আমরা অবমাননায় নিমজ্জিত আছি। অবমাননা মানে কি তা আর আজ বলে দিতে হবে না। অতীত থেকে এমনটিই হয়ে আসছে। এই দ্বীন কেবল তখনই সবকিছুর উপর প্রভাবশালী হবে, যখন আমরা ইসলাম ঠিক সেভাবেই পালন করব, যেভাবে পালিত হবার জন্য তা প্রেরিত হয়েছিল, আর তা হচ্ছে ইমাম থাকুক বা না থাকুক *জিহাদ* চালিয়ে যাওয়া। এই হাদীসটি আরেকটি বিষয়কে প্রমাণ করে যে, আমাদের 'বেসামরিক' লোকের মত জীবনযাপন ত্যাগ করে সৈন্যদের জীবনযাত্রা বেছে নেয়া উচিত। এটা এই বইয়ে আরও স্পষ্টভাবে বোঝানো হয়েছে।

আবু হুরায়রা ﵁ বর্ণনা করেন যে, রসূলুল্লাহ্‌ ﷺ-কে জিজ্ঞাসা করা হয়েছিল *"জিহাদের সমতূল্য কোন আমল আছে কি?"* তিনি উত্তর দিলেনঃ *"হ্যা, তবে তোমরা তা করতে পারবে না"* এভাবে দুইবার বললেন। তৃতীয়বার তিনি বললেনঃ *"মুজাহিদের সমতূল্য হচ্ছে সেই ব্যক্তি যে মুজাহিদ ফিরে না আসা পর্যন্ত বিরতিহীন ভাবে সাওম ও সলাত পড়তে থাকে।"*[৪]

অন্য কথায়, সে যুদ্ধ থেকে ফিরে না আসা পর্যন্ত ....। এখানে "নাফ্‌সের বিরুদ্ধে জিহাদ" থেকে ফিরে আসা মোটেও অর্থবোধক হয় না। এছাড়াও আমরা যদি জিহাদের উপর পূর্ববর্তী আলিম ও শ্রেষ্ঠ ফিকাহ শাস্ত্রের দিকে নজর দেই তবে দেখি যে, তারা এগুলোকে "কিতাব-আল-ক্বিতাল" না বলে "কিতাব-আল-*জিহাদ*" বলেছে; যেমন ইবন কুদামাহ'র আল-মুগনী, ইমাম শাফিঈ'র আল-উম্ম, ইমাম মালিকের আল-মুদাওয়ানাহ, আল খারশী, অলায়শ ও আল হাতাবের মুখতাসার খালিলের তিনটি ব্যাখ্যা, ইবনে হাযমের সুবুল আস সালাম, নায়ল আল আওতারের আল-মুহাল্লা, ইবনে তাইমিয়্যাহর আল ফাতওয়া আল কুবরা প্রভৃতি।

কুফ্‌ফাররা এই দ্বীনের সবকিছুর মধ্যে *জিহাদ*কেই সবচেয়ে বেশি অপছন্দ করে। আমাদের *সলাত* পড়া বা রমাদানে *সীয়াম* রাখা নিয়ে ওদের কোন মাথা ব্যাথা নেই, কেবল এই *জিহাদ* তাদের অন্তরকে প্রকম্পিত করে। আজকের দিনে খবরে "জঙ্গীবাদ" শব্দটি বেশিরভাগ ক্ষেত্রেই জিহাদের ব্যাপারেই ব্যবহৃত হয়। এটা মুসলিমীনদের ভয় দেখিয়ে তাদের সেই কর্তব্য থেকে দূরে ঠেলে দেয়, যে ব্যাপারে আল্লাহ্‌ ﷻ বলেনঃ

﴿ كُتِبَ عَلَيْكُمُ الْقِتَالُ وَهُوَ كُرْهٌ لَكُمْ وَعَسَى أَنْ تَكْرَهُوا شَيْئًا وَهُوَ خَيْرٌ لَكُمْ وَعَسَى أَنْ تُحِبُّوا شَيْئًا وَهُوَ شَرٌّ لَكُمْ وَاللَّهُ يَعْلَمُ وَأَنْتُمْ لَا تَعْلَمُونَ ﴾

[২] সহীহ মুসলিম

[৩] সুনান আবু দাউদঃ বই ২৩ঃ নংঃ ৩৪৫৫

[৪] সহীহ মুসলিম

**“তোমাদের জন্য যুদ্ধের বিধান দেওয়া হল, যদিও তোমাদের নিকট তা অপছন্দনীয়। কিন্তু তোমরা যা অপছন্দ কর, সম্ভবত তা তোমাদের জন্য কল্যাণকর এবং যা ভালবাস, সম্ভবত তা তোমাদের জন্য অকল্যাণকর। আল্লাহ্‌ জানেন আর তোমরা জান না।”**[৫]

নিম্ন লিখিত হাদীসগুলো যেকোন সত্যিকার ঈমানদার বা মু'মিনকে এটা স্বীকার করাতে যথেষ্ট যে, *জিহাদই* ইসলামের চূড়া এবং তা কেবল কিছু একটা (খিলাফাহ্‌) অর্জনের জন্য কোন কৃত কাজ নয়। রমাদানে রোযা রাখার মত এটাও একটা ফরয ইবাদত।

মুয়ায ইবনে জাবাল ﷺ থেকে বর্ণিতঃ তাবুক থেকে ফিরবার পথে আমরা রসূলুল্লাহ্‌র ﷺ সাথে ছিলাম। তিনি আমাকে বললেনঃ *“তুমি চাইলে আমি তোমাকে একটি বিষয়ের প্রধান, এর স্তম্ভ ও এর চূড়া সম্বন্ধে বলতে পারি।”* আমি বললামঃ *“জী, ইয়া রাসূলুল্লাহ্‌ ﷺ,”* তিনি বললেন, *“ইসলাম হচ্ছে বিষয়টির প্রধান, সলাত হচ্ছে স্তম্ভ এবং জিহাদ হচ্ছে এর চূড়া।”*[৬]

সালামাহ বিন নুফাইল ﷺ বলেছেনঃ আমি রসূলুল্লাহ্‌ ﷺ -র সাথে বসে ছিলাম, তখন এক ব্যক্তি এসে রসূল ﷺ-কে বলল, *“ইয়া রসূলুল্লাহ্‌! ঘোড়াগুলোকে অপমানিত করা হচ্ছে, অস্ত্রসমূহ নামিয়ে রাখা হচ্ছে এবং মানুষজন দাবী করছে যে, আর কোন জিহাদ নেই ও যুদ্ধ শেষ হয়ে গেছে।”* রসূল ﷺ বললেনঃ *“তারা মিথ্যা বলছে! যুদ্ধ তো কেবল শুরু হল। যুদ্ধ তো কেবল শুরু হল। আমার উম্মাহর একটি অংশ সত্য পথের উপর যুদ্ধ করতে থাকবে এবং আল্লাহ্‌ কিছু কিছু মানুষকে পথভ্রষ্ট করে তাদের জন্য যোদ্ধা সরবরাহ করতে থাকবেন, যতক্ষণ না কিয়ামত উপস্থিত হয় এবং আল্লাহ্‌র ওয়াদা পূর্ণ হয়। আর বিচার দিবস পর্যন্ত ঘোড়ার কপালেই কল্যাণ থাকবে। আমার প্রতি নাযিল হয়েছে যে, আমি খুব শীঘ্রই তোমাদের ছেড়ে চলে যাব এবং তোমরা একে অপরের সাথে যুদ্ধরত অবস্থায় আমার অনুসরণ করবে, আর ঈমানদারদের জায়গা হবে আশ্‌-শাম।”*[৭]

আল সিন্দি, আন নাসাঈ'র মন্তব্যে বলা হয়েছে যে, *“ঘোড়াদেরকে অপমানিত করা হচ্ছে।”* এর অর্থ হচ্ছে এদের অবজ্ঞা করা বা এদের প্রয়োজনীয়তাকে ছোট করে দেখা বা যুদ্ধের জন্য এদেরকে ব্যবহার না করা। *“যুদ্ধ তো কেবল শুরু হল, যুদ্ধ তো এখন কেবল শুরু হল।”* (কথাটির) পুনরাবৃত্তির মাধ্যমে এই বার্তার গুরুত্ব বোঝান হচ্ছে এবং এর অর্থ হচ্ছে যুদ্ধ তো কেবল বৃদ্ধি-ই পাচ্ছে এবং এর বিধান তো আল্লাহ্‌ মাত্রই দিলেন, এত শীঘ্রই তা কিভাবে শেষ হয়ে যাবে? অথবা এর অর্থ হতে পারে আসল যুদ্ধ তো কেবল শুরু হল, কারণ এতদিন তারা কেবল নিজেদের এলাকায়ই যুদ্ধ করেছে, কিন্তু এখন এই যুদ্ধকে দূর দূরান্তে নিয়ে যাওয়ার সময় এসেছে।

*“আল্লাহ্‌ কিছু মানুষের মনকে সঠিক পথ হতে বিচ্যুত করে দিবেন”* -এর অর্থ আল্লাহ্‌ সবসময়ই ঈমানদারদের এই দলকে যুদ্ধ করার জন্য মানুষের যোগান দিবেন, এমনকি কিছু মানুষের মনকে ঈমান থেকে কুফর এর দিকে নিয়ে গিয়ে হলেও। অর্থাৎ, আল্লাহ্‌ এই সকল ঈমানদারদের আল্লাহর পথে যুদ্ধ করার সম্মানে সম্মানিত করবেন এবং আল্লাহকে সন্তুষ্ট করার জন্য তাদেরকে পরিতুষ্ট করবেন।

*“ঘোড়ার কপালেই কল্যাণ (লেখা) রয়েছে”* এর অর্থ পুরস্কার ও গণীমত অথবা সম্মান ও গর্ব। *“আশ-শাম হচ্ছে* ঈমানদারদের *আবাসস্থল”* এটা শেষ সময়ের দিকে ইঙ্গিত করে। ঐ জায়গা মুসলিমদের অর্থাৎ ইসলামের শক্তির কেন্দ্র হবে এবং ওটাই হবে জিহাদের ভূমি।

যায়েদ ইবনে আসলাম ﷺ, তার পিতা থেকে বর্ণনা করেন যে, রসূলুল্লাহ্‌ ﷺ বলেছেনঃ *“যতক্ষণ পর্যন্ত আসমান থেকে বৃষ্টির ফোটা পড়বে, ততক্ষণ পর্যন্তই সতেজ ও (চির) সবুজ রূপে জিহাদ চলবে । আর মানুষের উপর এমন এক সময় আসবে, যখন তাদের মধ্যকার কুরআন তিলাওয়াতকারীরা বলবেঃ 'এখন জিহাদের সময় নয়' অতএব, যে কেউ সেই সময়ে থাকবে, জিহাদের জন্য সেটা সর্বোত্তম সময়।”* তারা বললঃ *“ইয়া রসূলুল্লাহ্‌! সত্যই কি কেউ এমন বলবে?”* তিনি বললেনঃ *“হ্যা, তার উপর আল্লাহ্‌র লা'নত এবং ফেরেশতাকূল ও সমগ্র মানবজাতির লা'নত ।”*[৮]

---

[৫] সূরা আল-বাকারাঃ ২১৬

[৬] সহীহ্‌ বুখারী- ভলিয়ম-৪, বই-৫২, নং-৪৪

[৭] আশ-শাম মানে সিরিয়া, লেবানন, ফিলিস্তিন ও জর্ডান। এর দ্বারা এ দেশগুলোর পুরোটা বা কোন অংশ বুঝাতে পারে। এটি ইমাম আন-নাসাঈ হতে বর্ণিত এবং হাসান।

[৮] উসূল-আস সুন্নাহ মুরসালানে ইবনে যামনীন কর্তৃক বর্ণিত এবং আনাস ﷺ থেকে ইবনে আসাকির মারফুয়ান কর্তৃক বর্ণিত।

যে কেউ এই হাদীসটি পড়ে সেই অভিভূত হয়। বর্তমানে অনেকেই বলে, *"এখন জিহাদের সময় নয়"*। যুদ্ধের ময়দানে না যাওয়ার এটা একটা বিশ্বজনীন, ঐতিহাসিক অজুহাত, এমনকি রাসূলের ﷺ সময়ও তাই ছিল। তথাপি, রসূল ﷺ বলেছেন *"এটাই জিহাদের সর্বোত্তম সময়"*, *জিহাদ* বিচার দিবসের আগ পর্যন্ত চলতে থাকবে। এই বইটি পড়ার সাথে সাথে এ ব্যাপারটি আমরা আরও ভালভাবে বুঝতে পারব, ইনশাআল্লাহ।

আবু হুরায়রা رضي الله عنه থেকে বর্ণিতঃ রসূলুল্লাহ্ ﷺ বলেছেনঃ *"ফিতনা আসছে। ফিতনা হচ্ছে অন্ধকার রাতের অংশের মত। (ফিতনা থেকে) সবচেয়ে নিরাপদ হচ্ছে সেই ব্যক্তি, যে নিজের মেষপাল নিয়ে পাহাড়ের চূড়ায় আশ্রয় নেয় অথবা যে ব্যক্তি তলোয়ার নিয়ে ঘোড়ায় চড়ে বসে।"*

সুবহানাল্লাহ্, প্রথমত আমরা এই পশ্চাতে বসে থেকে কি করছি? মুসলিমদের মধ্যে সবচেয়ে নিরাপদ হচ্ছে সেই ব্যক্তি, যে দাজ্জালী সমাজ ব্যবস্থা থেকে দূরে থেকে একাকী আল্লাহর ইবাদত করে অথবা যে ব্যক্তি তলোয়ার নিয়ে লড়াইয়ের জীবন বেছে নিয়েছে অথবা যে *জিহাদী* জীবন যাপন করছে, এগুলোর মধ্যবর্তী আর কিছুই নেই। কেউ কেউ দা'ওয়াহ দেয়ার অজুহাত পেশ করে, যা শরীয়াহ অনুযায়ী একটা যৌক্তিক কারণ হতে পারে। অথচ দা'ওয়াহ মানে নূহ عليه السلام এর দাওয়াহ, যা প্রকৃতপক্ষে ছিল দিনে রাতে প্রতিনিয়ত আল্লাহর দ্বীন প্রচার করা। যে কারণেই হোক ঐসব মুসলিম, যাদেরকে আমীরুল মু'মিনীন কুফ্‌ফারদের ভূমিতে আক্রমণ করতে বলেছিলেন, তারা বর্তমান সময়ের কোন সাধারণ মুসলিম না; বরং তারা ছিলেন মুসলিমদের মধ্যে সর্বোত্তম, সর্বোৎকৃষ্ট এবং বেশির ভাগ ক্ষেত্রেই তারা ছিলেন প্রকৃত আলিম। কুফ্‌ফারদের দেশে থাকাটাই আমাদের জন্য ন্যায় সঙ্গত নয়। আর কোন আমীর আমাদের দা'ওয়াহ দেয়ার জন্য এখানে থাকতে নির্দেশ দেননি। দাওয়াহর ক্ষেত্রে আমরা কি দৃষ্টান্ত স্থাপন করছি? আমরা কুফ্‌ফারদের পথ, সংস্কৃতি সবই গ্রহণ করেছি এবং এর পক্ষে আমাদের যুক্তি হচ্ছে যে, ইসলামকে আমরা তাদের জন্য গ্রহণযোগ্য করে উপস্থাপন করছি। সাহাবা ও পূর্ববর্তী সালাফগণ কি তাই করেছিলেন? কুফ্‌ফাররা যেসবের পিছনে ছুটত, তারাও কি সেসবের পিছনে ছুটতেন? সাধারণ কাফিরের ন্যায় তারা কি দুনিয়ার মধ্যেই নিমজ্জিত থাকতেন? বরং তাদের পোশাকও তো কুফফারদের মত ছিল না। তারা সমাজে সর্বদা আলাদা-ই ছিলেন। পাশ্চাত্যে দাওয়াহ প্রচার করা আমাদের সবচেয়ে গুরুত্বপূর্ণ দায়িত্ব নয়। বরং নিজেদের মুসলিম ভূমিগুলোকে প্রতিরক্ষা করাকেই অগ্রাধিকার দিতে হবে। বিশেষ করে যখন *জিহাদ* ফারদ-আল-'আইন হয়ে গেছে। যেকোন উপায়ে এসব কুফ্‌ফারদের দেশ ত্যাগ করে নিজের দেশে জিহাদের মাধ্যমে ইসলাম প্রতিষ্ঠিত করতে মুসলিমদের সাধ্যমত সাহায্য করা উচিত। রসূল ﷺ বলেছেনঃ *"যে কেউ মুশরিকের সাথে যোগ দেয় এবং তার সাথে বসবাস করে, সে তার-ই মত।"* [৯]

জাবির رضي الله عنه বলেছেন যে, রসূল ﷺ বলেনঃ *"আমি সেই সব মুসলিম থেকে মুক্ত, যারা মুশরিকদের মাঝে বসবাস করে।"* আমরা জিজ্ঞাসা করলাম, *"কেন ইয়া রসূলুল্লাহ্ ﷺ?"* তিনি জবাব দিলেনঃ *"তাদের আগুন একে অপরের দৃষ্টিগোচর হওয়া উচিত না।"*[১০]

কেউ কেউ হয়ত তর্ক করবে, *"আমার জন্ম তো পশ্চিমে, তো আমি কোথায় যাব বা কি করব?"* যদি আপনি এ ব্যাপারে অবগত থাকেন যে, পাশ্চাত্য অন্য সাধারণ কোন কুফ্‌ফার দেশের মত নয়, বরং তারা বাস্তবিকই মিডিয়ায় এবং যুদ্ধ ময়দানে ইসলামের বিরুদ্ধে লড়ছে, তবে আপনার কর্তব্য হচ্ছে, হয় তলোয়ার দিয়ে তাদের সাথে লড়া অথবা সম্ভব হলে কোন মুসলিম দেশে চলে গিয়ে *জিহাদ* করা।

কেউ কেউ হয়ত তর্ক করবে *"আমরা ধর্মীয় নির্যাতন থেকে বাচাঁর জন্য এখানে এসেছি। এখানে অনেক বেশি স্বাধীনতা।"* এটা কুফ্‌ফারদের দেশে আসার কোন অজুহাত হতে পারেনা। প্রথমত, "দেশ কখনই কাউকে পূর্ণাঙ্গরূপে ইসলাম পালন করতে দেয় না। তারা কি *জিহাদ* করতে দেয়? তারা কি আল্লাহর হুদুদ কার্যকর করতে দেয়? তারা কি জনসম্মুখে মুজাহিদ ও ইসলামের বিরুদ্ধে যুদ্ধকারীদের নিন্দা করতে দেয়? যদি না হয়, তবে আমরা কি ধরনের ইসলাম পালন করছি? আল্লাহ্ ﷻ বলেনঃ

[৯] আবু দাউদ, আত-তিরমিযী

[১০] আবু দাউদ

﴿... أَفَتُؤْمِنُونَ بِبَعْضِ الْكِتَابِ وَتَكْفُرُونَ بِبَعْضٍ فَمَا جَزَاءُ مَنْ يَفْعَلُ ذَلِكَ مِنْكُمْ إِلَّا خِزْيٌ فِي الْحَيَاةِ الدُّنْيَا وَيَوْمَ الْقِيَامَةِ يُرَدُّونَ إِلَى أَشَدِّ الْعَذَابِ وَمَا اللَّهُ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُونَ ﴾

**"...তবে কি তোমরা কিতাবের কিছু অংশ বিশ্বাস কর এবং কিছু অংশকে প্রত্যাখ্যান কর? সুতরাং তোমাদের যারা এরূপ করে তাদের একমাত্র প্রতিফল পার্থিব জীবনে হীনতা এবং কিয়ামতের দিন তারা কঠিনতর শাস্তির দিকে নিক্ষিপ্ত হবে। তারা যা করে আল্লাহ্ সে সম্বন্ধে অনবহিত নন।"**[১১]

দ্বিতীয়ত, যদি স্বদেশে নির্যাতন করা হয়, তবে ঐসব অত্যাচারীদের বিরূদ্ধে *জিহাদ* করা উচিত যারা কুফর কার্যকর করে, তাদের বশ্যতা কিছুতেই স্বীকার করা উচিত নয়। রসূল ﷺ বলেনঃ *"আল্লাহর পথে সর্বোত্তম জিহাদ হচ্ছে, কোন অত্যাচারী শাসকের সামনে হক্ব কথা বলা।"*[১২]

রসূলুল্লাহ্ ﷺ কে জিজ্ঞাসা করা হয় যালেম শাসকদের সম্পর্কে, *"আমাদের কি সে সময় তাদের প্রতিহত করা উচিত নয়?"* তিনি ﷺ বলেন, *"না, যতক্ষণ না তারা তোমাদের মাঝে সলাত প্রতিষ্ঠিত করবে।"* অর্থাৎ যতদিন তারা ইসলাম দ্বারা শাসন করবে। উবাদা ইবনে সামিত رضي الله عنه রসূলুল্লাহ্ ﷺ এর কাছ থেকে বর্ণনা করেন, তিনি বলেন, *"তোমরা শাসকদের সাথে বিবাদে লিপ্ত হবে না, যতক্ষণ না তুমি তাদের সুস্পষ্ট কুফরে সাক্ষী হও যার জন্য তোমার কাছে আল্লাহর পক্ষ থেকে চূড়ান্ত প্রমাণ থাকবে।"*

আসুন এক মূহুর্তের জন্য শরীয়াহকে রেখে যুক্তি দিয়ে চিন্তা করি। তখন কি হবে যখন কাফিরদের ভূমিতে বসবাসরত তোমার শিশুরা থাকবে; যেখানে দিনে-রাতে কুফর প্রচারিত বা প্রসারিত হয় এবং তা ভাল হিসেবে দেখা হয়? তখন কি হবে যখন তোমার শিশুদের হারাম, শিরক, কুফর, জিনা ইত্যাদিকে 'বিনোদন' হিসেবে গণ্য করা হয়? এই যুগের মুসলিমদের কি হবে, যারা কাফিরদের ভূমিতে বসবাস করে? তারা কি তাদের অনুসরণ শুরু করবে না? তারা কি তাদের একজন হবে না? আমরা কি এখনই তাদের মুখে তার লক্ষণ দেখতে পাই না (পর্দাহীনতা, দাড়ি কামিয়ে ফেলা)? এমনকি যারা এসব কুফর শক্তির বিরুদ্ধে চেষ্টা সাধনা করছে কেমন করে একজন বলবে যে, তারা অন্তর দিয়ে চেষ্টা সাধনা করছে কুফরের বিরুদ্ধে এবং পুরো ব্যবস্থার বিরুদ্ধে, যখন পুরো সামাজিক রাজনৈতিক অর্থনৈতিক ব্যবস্থা কুফরের উপর দাঁড়িয়ে আছে এবং অমুসলিমরা তা চালু রেখেছে? কেউ তর্ক করতে পারে, *"আমরা এই দেশে নফসের জিহাদ করার জন্য বসবাস করি। এই দেশে বসবাস আমার নফসকে মজবুত করবে।"* এটা একটি দুঃখজনক সমর্থন ছাড়া আর কিছুই নয়। মুসলিমদের প্রথম তিন প্রজন্ম এবং পূর্ববর্তী যুগের সালাফগণের মাঝে এমন কোন একজনের উদাহরণ পাওয়া যাবে না, যারা নফ্স-এর *জিহাদ* করার জন্য কাফিরদের ভূমিতে বসবাস করত। যদি তারা নফ্সের *জিহাদ* করতে চাইতো তারা অতিরিক্ত নফল ইবাদত করত, কুরআন পড়ত এবং সবচেয়ে উত্তম উপায় ছিল *জিহাদ ফী সাবিলিল্লাহ্*। রামাদানে রোযা রাখা একজনকে আল্লাহর নিকটবর্তী করে, একই ঘটনা ঘটে *জিহাদ ফী সাবিলিল্লাহ*র ক্ষেত্রে, যেহেতু মৃত্যু ঈমানদারদের চতুর্দিক ঘিরে রেখেছে। সে তার নিয়্যতকে পরিশুদ্ধ করতে ত্বরা করবে এবং সেই সাথে তার কর্ম বৃদ্ধি করতে এবং উন্নত করতে সচেষ্ট থাকবে।

যেহেতু এই বইয়ের ক্ষুদ্র ভুমিকায় হিজরতের ব্যাখ্যা দেয়া হয়নি, আমরা তাই এখানে এই বিশেষ বিষয় দিয়ে শেষ করব।

রসূলুল্লাহ ﷺ বলেন, *"তুমি কি এটা ভালবাসনা যে আল্লাহ তোমাকে ক্ষমা করবেন ? এবং তোমাকে জান্নাতে দাখিল করবেন? তবে আল্লাহর পথে যুদ্ধ কর।"*[১৩]

এর চেয়ে সহজ আর কিছু নেই । আল্লাহ আমাদের সকলকে শুহাদা হিসেবে কবুল করুক । আমীন॥

---

[১১] সূরা আল বাকারাঃ ৮৫

[১২] সূনান আবু দাউদ, বই ৩৭, নংঃ ৪৩৩০

[১৩] তিরমিযী, আহমদ

আবু হুরায়রা ﷺ কর্তৃক বর্ণিত, এক ব্যক্তি আল্লাহর রসূল ﷺ এর কাছে আসলেন এবং বললেন , *"আমাকে এমন কাজের কথা বলে দিন যা জিহাদের সমতূল্য (প্রতিদানের ক্ষেত্রে)।"* তিনি বললেন, *"আমি এমন কোন কাজ দেখতে পাইনা।"* অতঃপর তিনি যোগ করেন, *"তুমি কি পারবে যখন মুসলিম যোদ্ধারা যুদ্ধক্ষেত্রে থাকবে, তখন তুমি মসজিদে প্রবেশ করবে এবং বিরতি না দিয়ে সলাত পড়বে এবং রোযা রাখবে ?"* লোকটি বললে , *"কিন্তু কে তা পারবে ?"* আবু হুরায়রা ﷺ যোগ করেন, *"মুজাহিদগণ পুরস্কৃত হয়, এমনকি তার ঘোড়ার পদক্ষেপ সমূহে,যখন ঘোড়াটি একটি লম্বা দড়িতে বাধা অবস্থায় চারণভূমিতে চড়তে থাকে।"*[১৪]

আল্লাহু আকবার! এমনকি মুজাহিদের ঘোড়া যখন চারদিকে চড়ে বেড়ায়, তখন মুজাহিদের জন্য ভাল কাজ রূপে জমা হয়।

জিহাদের এই বিষয়ের উপর এমন আরও অনেক হাদীস আছে যা এই ভূমিকায় শেষ করা যাবে না। যদিও একটি বই আছে যা আমরা সকলকে পড়ার জন্য আন্তরিকভাবে পরামর্শ দেই, যারা এই বিষয়ে আগ্রহী এবং আজকাল যুদ্ধ করার পিছনে তা একটি দলীল স্বরূপ। বইটির নাম **"মাশারী আল আশওয়াক্ব ইলা মাশারী আল উসাক্ব"** *-শাইখ আবি জাকারিয়্যা আল দিমাস্কি আল-দুময়াতী "ইবনে নুহাস"* (৮১৪ হিজরী) এটা জিহাদের উপর একটি জনপ্রিয় সহজ সরল বই। এই বইয়ের উপরের যে বক্তব্য তাও প্রদান করেছেন ইমাম আনওয়ার আল আওলাকি। তার বক্তৃতার ভূমিকা হল, **"ইবনে আল আকওয়ার গল্প"**।

**"ছাওয়াবিত আলা দ্বারব আল *জিহাদ*"** নামক বইয়ের মত আমি এই বক্তৃতাগুলো বই আকারে অনুবাদ করেছি। এই বইয়ে আপনি যা পড়বেন তার শতকরা ৯৯% ভাগই ইমাম আনওয়ার আল আউলাকির বক্তব্য। বাকি ১% আমার যোগ করা যা লেখনীর বিভিন্ন বিষয় হাদীস, আয়াত, উদাহরণ এবং বক্তব্য দ্বারা সহজবোধ্য করার জন্য ব্যবহৃত হয়েছে। উপরন্তু, তাঁর বলা প্রতিটি শব্দ লেখার পরিবর্তে আমি আমার নিজস্ব শব্দ ব্যবহার করেছি, যাতে পাঠকের কাছে বক্তব্যটি পরিষ্কারভাবে প্রতিভাত হয়। মূল বক্তৃতায় অনেক পূনরাবৃত্তি ছিল, যা ছোট করা হয়েছে। আমি আরও ক্ষুদ্র ক্ষুদ্র অতিরিক্ত শিরোনাম যুক্ত করেছি, যাতে পাঠকের কাছে সহজতর হয় এবং কোন নির্দিষ্ট বিষয়ের প্রমাণসমূহ খুজে পাওয়া যায়।

পরিশেষে, আমি আল্লাহ্‌র কাছে প্রার্থনা করি, তিনি যেন আমাদের সকলকে তাঁর সঠিক পথে পরিচালিত করেন, তাদের পথে যারা তাঁর জন্য চেষ্টা সাধনা করে। আমি আল্লাহর কাছে প্রার্থনা করি, যেন তিনি আমাদেরকে তাঁদের অন্তর্ভূক্ত করেন, যারা তাঁর জন্য যুদ্ধ করে এবং শহীদ হয়। আমি আল্লাহর কাছে প্রার্থণা করি, তিনি যেন আমাদের তাঁদের মধ্যে অন্তর্ভূক্ত করেন, যাদেরকে তিনি শুহাদা হিসেবে পছন্দ করেছেন। আমি আল্লাহর কাছে প্রার্থনা করি, তিনি যেন শাইখ ইউসুফ رحمه الله এর এমন উদ্ধুদ্ধকারী এবং জ্ঞানগর্ভ কথায় ভরপুর (আল্লাহর একজন দাস সবচেয়ে বড় যে ইবাদত করতে পারে) লেখনীর জন্য তাকে জান্নাত ও রহমত বর্ষণ করেন । আমি আল্লাহর কাছে প্রার্থনা করি, যেন তিনি ইমাম আনওয়ার আল আওলাকিকে হিফাজত করেন, জান্নাত দান করেন এবং তাঁকে সন্তুষ্ট করেন- তার ব্যাখ্যা এমন যুগে প্রদান করা হচ্ছে যখন *জিহাদ*কে নিচু চোখে দেখা হয়, তার জ্বালাময়ী বক্তব্যে *জিহাদ*কে জীবন্ত করে তুলে ধরার প্রচেষ্টার জন্য। পরিশেষে, আমি আল্লাহর কাছে প্রার্থনা করি যেন, তিনি এই বইকে শুধুমাত্র জ্ঞানগর্ভ বইয়ে নয়, বরং একটি ব্যবহারিক বইয়ে পরিণত করেন ।

*(আমীন ইয়া রাব্বুল আ'লামীন)*

*ওয়া'আলাইকুম আসসালাম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।*

***মুজাহিদ ফী সাবিলিল্লাহ***

---

[১৪] সহীহ্ বুখারী

## ভূমিকা

প্রত্যেক আদর্শের কিছু স্থায়ী এবং কিছু পরিবর্তনশীল বিষয় থাকে। স্থায়ী বিষয়সমূহ সময়, ব্যক্তি অথবা স্থান এর উপর ভিত্তি করে হলেও কখনোই বদলায় না। পরিবর্তনশীল বিষয়সমূহ সময়ের সাথে, স্থানের সাথে অথবা ব্যক্তির সাথে পরিবর্তনশীল। উদাহরণস্বরূপ, *সলাত* কি স্থান, কাল, পাত্র ভেদে পরিবর্তন হয়? না, আমাদের শরীরসমূহ পূর্ববর্তী সাহাবাদের মত একই এবং আমাদের রবও একজন, সুতরাং এটা একটি স্থায়ী। পরিবর্তনশীল বিষয়ের উদাহরণ হল একজন খলীফা নির্বাচিত হওয়ার পদ্ধতি।

আজ আমাদের যা প্রয়োজন তা হলো, জিহাদের স্থায়ী বিষয় সমূহ সম্পর্কে আলোচনা এবং তা স্মরণ রাখা ও সেই সাথে মানুষকে তা স্মরণ করিয়ে দেয়া। এটা গুরুত্বপূর্ণ, কারণ আজ আমরা মানুষকে জিহাদের স্থায়ী বিষয় সমূহকে পরিবর্তনশীল বিষয়ে রূপান্তরিত করার চেষ্টা করতে দেখছি এবং তা সমর্থনের উদ্দেশ্য হল, তা অনুসরণ না করা।

খালিদ বিন ওয়ালিদ رضي الله عنه বলেন, ***"আমাকে যদি একটি সুন্দর মহিলার সাথে বিবাহ দেয়া হয় যাকে আমি ভালবাসি বা যদি আমাকে একটি সদ্যজাত পুত্র সন্তানের সুসংবাদ শোনানো হয়, তা আমার কাছে একটি বরফাচ্ছন্ন শীতল রাতে একটি সেনাদলের মাঝে পরদিন সকালে শত্রুর সম্মুখীন হওয়ার জন্য অপেক্ষা করার তুলনায় কম পছন্দনীয় এবং প্রিয় হবে। আমি তোমাকে জিহাদে লিপ্ত থাকার উপদেশ দেই।"***

এই কথাগুলো ছিল খালিদ رضي الله عنه -এর মৃত্যুর পূর্বের কথা।[১৫]

**তৃতীয় দলপতি আব্দুল্লাহ্ বিন রাওয়াহা رضي الله عنه মুতা'হর যুদ্ধে মুসলিম সেনাদলের দায়িত্ব নেন। তার এক চাচাতো ভাই তাকে এক টুকরো শুকনো গোশত খেতে দিয়ে বলেন যে, "এটা দিয়ে নিজেকে শক্তিশালী কর। আজ তোমার উপর দিয়ে অনেক ধকল গিয়েছে।" তিনি তা ধরলেন এবং এক কামড় দিলেন, তখন তিনি নিজকে বললেন, "তুমি এখনও এই পৃথিবীতে?" গোশতের টুকরোটি ছুড়ে দিলেন এবং যুদ্ধ করলেন, যতক্ষণ না তিনি শহীদ হন।**

**আবু মুজানা আল আব্দী বলেন, আমি আবু আল খাসাসইয়াহ رضي الله عنه -কে বলতে শুনেছি, আমি রসূলুল্লাহ ﷺ এর কাছে আসলাম এবং বললাম আমি তার কাছে বাইয়্যাহ দেব, রসূলুল্লাহ্ ﷺ আমার থেকে বাইয়্যাহ নিলেন এর উপর ভিত্তি করে যে, আল্লাহ্ ছাড়া উপাস্য যোগ্য কোন মাবু'দ নেই, রসূলুল্লাহ ﷺ আল্লাহর রসূল, পাঁচ ওয়াক্ত *সলাত* পড়া, রামাজানের রোযা রাখা, যাকাত আদায় করা, হজ্জ পালন করা, এবং আল্লাহর পথে যুদ্ধ করা।" আমি বললাম, "হে আল্লাহর রসূল ﷺ এগুলোর দু'টি আমি করতে পারবো না। প্রথমটি হল যাকাত, আমার মাত্র ১০টি উট রয়েছে। সেগুলো আমার পুরো সম্পত্তি। দ্বিতীয়ত হল *জিহাদ*। আমি শুনেছি যে কেউ যুদ্ধ ক্ষেত্র হতে পালিয়ে যায়, সে আল্লাহ্‌র গজবে নিপতিত হয়। আমি ভয় করি যে যদি যুদ্ধের সম্মুখীন হই, আমি মৃত্যুর ভয়ে ভীত হতে পারি এবং আমার আত্মা আমাকে পরাজিত করতে পারে। রসূলুল্লাহ্ ﷺ তার হাত শক্ত করে ধরলেন এবং নেড়ে বললেন, "*জিহাদ*ও না, সাদাকাও না! তবে তুমি কেমন করে জান্নাতে প্রবেশ করবে?" আবু আল খাসাসইয়াহ رضي الله عنه বলেন, "রসূলুল্লাহ্ ﷺ অতঃপর যা উল্লেখ করেছিলেন তার প্রত্যেকটির উপর আমার বাইয়্যাহ নিলেন।"[১৬]**

---

[১৫] ইবনে আল-মুবারাক

[১৬] আল-হাকিম কর্তৃকত বর্ণিত

# অধ্যায়ঃ ১

# প্রথম বৈশিষ্ট্যঃ কিয়ামত দিবস পর্যন্ত জিহাদ চলতে থাকবে

﴿ كُتِبَ عَلَيْكُمُ الْقِتَالُ وَهُوَ كُرْهٌ لَكُمْ وَعَسَى أَنْ تَكْرَهُوا شَيْئًا وَهُوَ خَيْرٌ لَكُمْ وَعَسَى أَنْ تُحِبُّوا شَيْئًا وَهُوَ شَرٌّ لَكُمْ وَاللَّهُ يَعْلَمُ وَأَنْتُمْ لَا تَعْلَمُونَ ﴾

**“তোমাদের জন্য যুদ্ধের বিধান দেওয়া হল, যদিও তোমাদের নিকট তা অপ্রিয়। কিন্তু তোমরা যা অপছন্দ কর, সম্ভবত তা তোমাদের জন্য কল্যাণকর এবং যা ভালবাস, সম্ভবত তা তোমাদের জন্য অকল্যাণকর। আল্লাহ্ জানেন আর তোমরা জান না।” [সূরা আল-বাকারাঃ ২১৬]**

## প্রথম বৈশিষ্ট্যঃ কিয়ামত দিবস পর্যন্ত *জিহাদ* চলতে থাকবে

সমগ্র পৃথিবী আজ ইসলামের একটি ইবাদতের বিরুদ্ধে অবস্থান নিয়েছে, আর তা হচ্ছে *জিহাদ ফী সাবিলিল্লাহ*। অনেক জাতি বিশেষ করে যারা শক্তিশালী, *জিহাদ ফী সাবিলিল্লাহ*র বিরুদ্ধে লড়তে বিভিন্ন উৎস থেকে (সামাজিক, অর্থনৈতিক, ধর্মীয়, রাজনৈতিক, প্রচারমাধ্যম, জনপ্রিয় ব্যক্তিবর্গ, দল ইত্যাদি) জোড় চেষ্টা করছে। ধর্মীয় শক্তির দিক থেকে দেখলে, আমেরিকা এবং ইসরাঈল ধর্মীয় কারণে ইসরাঈলী রাষ্ট্রের জন্য একত্রে কাজ করছে, আর এর কারণটি হচ্ছে- মাসীয়াহর (ঈসা ﷺ) অবতরণ। রাজনৈতিক শক্তির দৃষ্টিকোণ থেকে, সমগ্র পৃথিবীই আজ ইসলামী জঙ্গীবাদ দমন নিয়ে উদ্বিগ্ন। পৃথিবীর প্রতিটি সরকারই মুসলিম ও অমুসলিম উভয়ই রাজনৈতিকভাবে ইসলামের বিরুদ্ধে লড়তে (বিশেষ করে জিহাদের বিরুদ্ধে) একত্রিত হয়েছে। আর মিডিয়া সমস্ত জাতিকে ইসলামের আসল রূপ সম্পর্কে প্রতারিত করতে বেশ ভাল ভূমিকা রাখছে। তারা ইসলামকে এমন রূপে তুলে ধরছে, যা সত্যিই প্রতারণাপূর্ণ।

## জিহাদের পূর্বে "*তারবিয়্যাহ*" কি সত্যিই (জিহাদ না করার) একটি যৌক্তিক ওজর?

আল্লাহ্ ﷻ বলেন,

﴿ كُتِبَ عَلَيْكُمُ الْقِتَالُ وَهُوَ كُرْهٌ لَكُمْ وَعَسَى أَنْ تَكْرَهُوا شَيْئًا وَهُوَ خَيْرٌ لَكُمْ وَعَسَى أَنْ تُحِبُّوا شَيْئًا وَهُوَ شَرٌّ لَكُمْ وَاللَّهُ يَعْلَمُ وَأَنْتُمْ لَا تَعْلَمُونَ ﴾

**"তোমাদের জন্য ক্বিতালের (যুদ্ধ) বিধান দেয়া হল, যদিও তোমাদের নিকট তা অপছন্দনীয়। কিন্তু তোমরা যা অপছন্দ কর, সম্ভবত তা তোমাদের জন্য কল্যাণকর এবং যা ভালবাস, সম্ভবত তা তোমাদের জন্য অকল্যাণকর। আল্লাহ্ জানেন আর তোমরা জান না।"**[১৭]

এই আয়াতে মুসলিমদের যুদ্ধ করার জন্য আদেশ দেয়া হয়েছে। অনেক মুসলিম এবং ইসলামী জামা'আত বলে যে, *জিহাদ* করার পূর্বে, তারবিয়্যাহ অবশ্যক। তারা ব্যাপারটিকে এমনভাবে উপস্থাপন করে যেন, "*তারবিয়্যাহ হচ্ছে জিহাদের পূর্বে অবশ্য পূরণীয় একটি শর্ত। অতএব, এটি ছাড়া জিহাদ করা যাবে না।*" যার মানে দাড়াচ্ছে যে, তারবিয়্যাহ জিহাদের পূর্বে অবশ্য পালনীয় হুকুম। অন্যরা বলে, "*আমরা এখন মক্কী যুগের অবস্থায় আছি। অতএব এখন কোন জিহাদ নেই।*" এটা কি যুক্তি সঙ্গত? *জিহাদ ফী সাবিলিল্লাহ* স্থগিত রাখার কোন ন্যায় সঙ্গত কারণ আছে কি? বুঝার সুবিধার জন্য এবার প্রশ্নটি একটু পরিবর্তন করা যাক। যদি কেউ রমাদান মাসে মুসলিম হয়, তবে কি আপনি তাকে বলবেন যে, রোযা রাখার পূর্বে তাকে তারবিয়্যাহ করতে হবে? তাকে কি বলবেন যে, আমরা এখন মক্কী অবস্থায় আছি অতএব, আপনাকে রোযা রাখতে হবে না? রোযা শুরু করার আগে আপনার ঠিক ১৫ বছর সময় আছে, কারণ সেই সময়ই রোযার আদেশ এসেছিল। অতএব, এর আগে রমাদানে একটি রোযাও না রেখে খাওয়া দাওয়া চালিয়ে যেতে পারেন। এটা আসলে কথার কথা। এমনটি কেউই বলে না। তাহলে কেবল জিহাদের বেলায় কেন আমরা এমনটি বলি? এদের মধ্যে পাথর্ক্য কোথায়, যেখানে জিহাদের হুকুম ও সিয়ামের হুকুমের ধরণ একই?

﴿... كُتِبَ عَلَيْكُمُ الصِّيَامُ ...﴾

**"তেমাাদের উপর সিয়ামের বিধান দেয়া হল ...।"**[১৮]

﴿... كُتِبَ عَلَيْكُمُ الْقِتَالُ ...﴾

**"তোমাদের উপর ক্বিতালের বিধান দেয়া হল ...।"**[১৯]

---

[১৭] সূরা আল-বাকারাঃ ২১৬

[১৮] সূরা আল-বাকারাঃ ১৮৩

দু'টি বিধানই সূরা আল-বাকারায় এসেছে। 'তোমাদের জন্য সিয়ামের বিধান দেয়া হল' এবং 'তোমাদের জন্য ক্বিতালের বিধান দেয়া হল'; তাহলে আমরা এদের মধ্যে পার্থক্য করছি কেন? সত্যি বলতে গেলে, সিয়ামের বিধান জিহাদের পরে এসেছে। সিয়ামের বিধান এসেছে নবুয়্যতের ১৫ বছর পর আর জিহাদের বিধান এসেছে নবুয়্যতের ১৩ বছর পর। এদের মধ্যে ২ বছরের পার্থক্য কেন? অতএব, যুক্তিসঙ্গত কথা বললে, আমাদের বলতে হয়, সিয়াম পালনের পূর্বে তারবিয়্যাহ করতে হবে। আমরা কিভাবে *জিহাদ ফী সাবিলিল্লাহ্*র পূর্বে তারবিয়্যাহ বিধান দেই, যেখানে রসূল ﷺ তা করেন নি? যখন কেউ মুসলিম হত, তিনি কি তাকে শাইখদের কাছে পড়তে বলতেন এবং এরপর সে *জিহাদ* করার উপযুক্ত হত? তিনি কি বলতেন *জিহাদ* করার পূর্বে তোমার আরবী শিখতে হবে অথবা বিদেশে গিয়ে ইসলাম নিয়ে পড়াশোনা করে আসতে হবে?

আবু হুরায়রা رضي الله عنه থেকে বর্ণিতঃ "আমর ইবন উকায়শ প্রাক-ইসলামী যুগে সুদের বিনিময়ে ঋণ দিয়েছিল, সেই টাকা ফেরত নেয়ার পূর্বে সে ইসলাম কবুল করাটা অপছন্দ করল। উহুদের (যুদ্ধের) দিন সে এসে জিজ্ঞাসা করলঃ '*আমার অমুক ভাই কোথায়?*' তারা উত্তর দিলঃ '*উহুদে,*' সে জিজ্ঞাসা করলঃ '*অমুক কোথায়?*' তারা বললঃ '*উহুদে*', সে জিজ্ঞাসা করলঃ '*অমুক কোথায়?*' তারা বললঃ '*উহুদে*' অতঃপর সে তার জামা পড়ে ঘোড়ায় চড়ে বসল, এরপর তাদের দিকে এগিয়ে চলল। মুসলিমরা যখন তাকে দেখল, তারা বলে উঠল, '*দূরে থাক, আমর*', সে বলল, '*আমি মুসলিম হয়েছি*' সে আহত না হওয়া পর্যন্ত যুদ্ধ করল। অতঃপর তাকে আহত অবস্থায় তার পরিবারের নিকট নিয়ে যাওয়া হল। সা'দ ইবন মুআয رضي الله عنه তাঁর বোনের কাছে এসে বললঃ '*তাকে জিজ্ঞাসা কর তো (সে কিসের জন্যে যুদ্ধ করেছে) গোত্রের জন্য, তাদের ক্রোধের ভয়ে, নাকি আল্লাহ্‌র ক্রোধের ভয়ে।*' সে বললঃ '*আল্লাহ্ ও তাঁর রসূলের ক্রোধের ভয়ে।*' এরপর সে মৃত্যুবরণ করল এবং জান্নাতে প্রবেশ করল। সে আল্লাহ্‌র জন্য কোন (এক ওয়াক্ত) *সলাত*ও আদায় করেনি।"[২০]

যখন সে মুসলিম হয়েছিল, রসূল ﷺ কি তাকে কুরআন ও হাদীস পড়তে বলেছিলেন? উকাইশ رضي الله عنه কিছুই করেনি, কেবল আল্লাহ্‌র পথে *জিহাদ* করেছিল এবং শহীদ হয়েছিল। একজন মুসলিমের পক্ষে সর্বোচ্চ যে মর্যাদা তাই সে অর্জন করেছিল। একজন ইহুদীর চেয়ে অধিক তারবিয়্যাহ আর কার দরকার হতে পারে? মানুষ বলে জিহাদের পূর্বে বেশি তারবিয়্যাহ দরকার। বুখায়রীক উহুদের ময়দানে মুসলিম হয়েছিলেন এবং শহীদ হয়েছিলেন। রসূল ﷺ বলেনঃ "*বুখায়রীক ইহুদীদের মধ্যে সর্বোত্তম।*" সে কোন আত্মিক উন্নয়নের প্রশিক্ষণ নেয়নি। তারপরও রসূল ﷺ তাঁকে ইহুদীদের মধ্যে সর্বোত্তম আখ্যা দিয়েছেন। কেন? কারণ সে ময়দানে যুদ্ধ করে শহীদ হয়েছেন। এটা তারবিয়্যাহকে ছোট করে দেখার জন্য নয়, কিন্তু যখন একে আমরা জিহাদের সাথে অত্যাবশ্যক পূর্বশর্ত হিসেবে জুড়ে দেই, তখন দেখা যায় যে, এটা আসলে জরুরী নয়। তাহলে, কেন মুসলিমদের জিহাদের পূর্বে তারবিয়্যাহ প্রয়োজন? কারণ আল্লাহ মহামহিম বলেন, **"তোমাদের জন্য ক্বিতালের বিধান দেয়া হল এবং তোমরা তা অপছন্দ কর ...।"**[২১] - এটাই কারণ। কারণ মানুষ এটা অপছন্দ করে এবং এর থেকে মুক্তির জন্য বিভিন্ন উপায় বের করতে থাকে। অতএব তারা বলে যে, আমাদের তারবিয়্যাহ দরকার অথবা শত্রুপক্ষ বেশি শক্তিশালী। এটা মানুষের ফিতরাতের অংশ। আল্লাহ্ তাই বলেছেন। যুদ্ধের বাস্তবতাটা এরকমই যে বেশিরভাগ মানুষই তা অপছন্দ করে। সাহাবীদের সময়ও এমন ছিল, এখনও তাই আছে।

## সালাহউদ্দিন رحمه الله -এর সময়কার কিছু উলামাঃ

সালাহউদ্দিন আল-আয়্যুবী رحمه الله -এর সময়, তিনি তাঁর সেনাবাহিনীর জন্য সেচ্ছাসেবকদের আহবান করলেন এবং এর ফলে কিছু শাইখ ও তাদের ছাত্ররা যোগদান করল। খবর ছড়িয়ে পড়ল যে ক্রুসেডাররা সমগ্র ইউরোপ থেকে সেনাবাহিনী সমাবেশ করেছে। তখনকার দিনের তিন শক্তিশালী রাজার নেতৃত্বে তিনটি বাহিনী এগিয়ে আসছিল। রিচার্ড দ্যা লায়ন হার্ট (সিংহ হৃদয়), ফ্রান্সের রাজা ফিলিপ এবং জার্মানীর রাজা ফ্রেডরিক। ফ্রেডরিকের একারই ৩,০০,০০০ সৈন্য ছিল (৩ লক্ষ)। অতএব, যখন উলামারা এ খবর জানতে পারল, তারা সেনাবাহিনী ত্যাগ করে চলে গেল। এসব উলামাগণ তো জানত যে তাদের লড়াই করা উচিত। তারা জানত, এ ব্যাপারে কি হুকুম আছে। কিন্তু হুকুমের কথা জানা মানেই এই না যে কেউ যুদ্ধ করবে।

[১৯] সূরা আল-বাকারাঃ ২১৬
[২০] সুনান আবু দাউদঃ বই-১৪, নং-২৫৩১
[২১] সূরা আল-বাকারাঃ ২১৬

আল্লাহ্ আহ্‌কামুল হাকীমিন বলেনঃ

﴿ وَاتْلُ عَلَيْهِمْ نَبَأَ الَّذِي آتَيْنَاهُ آيَاتِنَا فَانسَلَخَ مِنْهَا فَأَتْبَعَهُ الشَّيْطَانُ فَكَانَ مِنَ الْغَاوِينَ ﴾﴿ وَلَوْ شِئْنَا لَرَفَعْنَاهُ بِهَا وَلَكِنَّهُ أَخْلَدَ إِلَى الْأَرْضِ وَاتَّبَعَ هَوَاهُ فَمَثَلُهُ كَمَثَلِ الْكَلْبِ إِنْ تَحْمِلْ عَلَيْهِ يَلْهَثْ أَوْ تَتْرُكْهُ يَلْهَثْ ذَلِكَ مَثَلُ الْقَوْمِ الَّذِينَ كَذَّبُوا بِآيَاتِنَا فَاقْصُصِ الْقَصَصَ لَعَلَّهُمْ يَتَفَكَّرُونَ ﴾

**"তাদেরকে ঐ ব্যক্তির বৃত্তান্ত পড়ে শুনাও যাকে আমি দিয়েছিলাম নিদর্শন, অতঃপর সে তাকে বর্জন করে, পরে শয়তান তার পিছনে লেগে যায়, আর সে বিপথগামীদের অন্তর্ভূক্ত হয়। আমি ইচ্ছা করলে এর দ্বারা তাকে উচ্চ মর্যাদা দান করতে পারতাম, কিন্তু সে দুনিয়ার প্রতি ঝুঁকে পড়ে ও তার প্রবৃত্তির অনুসরণ করে। তার অবস্থা কুকুরের ন্যায়; তার উপর তুমি বোঝা চাপালে সে হাঁপাতে থাকে এবং তুমি বোঝা না চাপালেও হাঁপায়। যে সম্প্রদায় আমার নিদর্শনকে প্রত্যাখ্যান করে তাদের অবস্থাও এইরূপ, তুমি বৃত্তান্ত বিবৃত কর যাতে তারা চিন্তা করে।"**[২২]

এটা এমন একজন আলিমের কাহিনী যে হুকুম জানতো, কিন্তু তা মেনে চলেনি। কেন? আল্লাহ্ ﷻ বলেনঃ **"কিন্তু সে দুনিয়ার প্রতি ঝুঁকে পড়ে ও তার প্রবৃত্তির অনুসরণ করে।"** আল্লাহ্ তাকে কুকুরের সাথে তুলনা করেছেন। অতএব, কেবল জ্ঞান থাকাই পরিত্রাণ পাবার উপায় নয়। সেই জ্ঞান অনুযায়ী আমল করতে হবে। বেশিরভাগ মানুষই এই অবস্থানে এসে বলে যে, তাদের কাছে এই বিষয়ের উপরে কোন ফাতওয়া নেই; অতএব তারা কিছু করতে সক্ষম নয়। কিন্তু এটা কিয়ামতের দিন তাদেরকে বাঁচাবে না। যদি আপনি জানেন যে এটাই সত্য, তাহলে আপনাকে সে অনুযায়ী আমল করতে হবে, কোন আলিম তা অনুসরণ করুক আর না করুক।

## আহ্‌লে কিতাবীদের সাথে মুসলিমদের সম্পর্কঃ

কিছু মানুষ বলে যে, আহ্‌লে কিতাবীদের সাথে আমাদের শান্তি এবং মতামত আদান-প্রদানের ভিত্তিতে সম্পর্ক হওয়া উচিত ।

অথচ আল্লাহ্ ﷻ বলেনঃ

﴿ قَاتِلُوا الَّذِينَ لَا يُؤْمِنُونَ بِاللَّهِ وَلَا بِالْيَوْمِ الْآخِرِ وَلَا يُحَرِّمُونَ مَا حَرَّمَ اللَّهُ وَرَسُولُهُ وَلَا يَدِينُونَ دِينَ الْحَقِّ مِنَ الَّذِينَ أُوتُوا الْكِتَابَ حَتَّى يُعْطُوا الْجِزْيَةَ عَنْ يَدٍ وَهُمْ صَاغِرُونَ ﴾

**"যাদের প্রতি কিতাব অবতীর্ণ হয়েছে তাদের মধ্যে যারা আল্লাহ্-তে ঈমান আনে না ও শেষদিনেও না এবং আল্লাহ্ ও তাঁর রসূল যা হারাম করেছেন তা হারাম গণ্য করে না এবং সত্য দ্বীন অনুসরণ করে না; তাদের সাথে যুদ্ধ করবে, যে পর্যন্ত না তারা নত হয়ে স্বহস্তে জিয্‌য়া দেয়।"**[২৩]

আল্লাহ্ ﷻ আরও বলেনঃ

﴿فَإِذَا انسَلَخَ الْأَشْهُرُ الْحُرُمُ فَاقْتُلُوا الْمُشْرِكِينَ حَيْثُ وَجَدْتُمُوهُمْ وَخُذُوهُمْ وَاحْصُرُوهُمْ وَاقْعُدُوا لَهُمْ كُلَّ مَرْصَدٍ فَإِنْ تَابُوا وَأَقَامُوا الصَّلَاةَ وَآتَوُا الزَّكَاةَ فَخَلُّوا سَبِيلَهُمْ إِنَّ اللَّهَ غَفُورٌ رَحِيمٌ﴾

**"অতঃপর নিষিদ্ধ মাস অতিবাহিত হলে মুশরিকদেরকে যেখানে পাবে হত্যা করবে, তাদেরকে বন্দী করবে, অবরোধ করবে এবং প্রত্যেক ঘাঁটিতে তাদের জন্য ওঁৎ পেতে থাকবে। কিন্তু যদি তারা তওবা করে, *সলাত* কায়েম করে ও যাকাত দেয় তবে তাদের পথ ছেড়ে দিবে; নিশ্চয়ই আল্লাহ্ অতিশয় ক্ষমাশীল, পরম দয়ালু।"**[২৪]

---

[২২] সূরা আরাফঃ ১৭৫-১৭৬
[২৩] সূরা আত-তাওবাহঃ ২৯

এই ধরনের ইবাদতকে সন্ত্রাসবাদ বা জঙ্গীবাদ এবং এর অনুসারীদের সন্ত্রাসী, জঙ্গী, উগ্রপন্থী, মিলিশিয়া ইত্যাদি নাম দিয়ে কাফিররা এর বিরূদ্ধে লড়ছে। আর মুনাফিকরা তাদেরকে নিম্মোক্তভাবে সাহায্য করে আসছে-

**১) তারা বলে যে, *জিহাদ* কেবলই আত্মরক্ষামূলক এবং আক্রমণাত্মক নয়।**

**২) *জিহাদ* কেবলই একটি মুসলিম অঞ্চল বা রাষ্ট্রকে মুক্ত করার ক্ষেত্রে প্রযোজ্য।**

**৩) *জিহাদ* কেবল মাত্র ইমামের অনুমতি ও নির্দেশ অনুযায়ী করা যাবে।**

**৪) *জিহাদ* বর্তমান বিশ্বব্যাপী শান্তির সময়ের জন্য প্রযোজ্য নয়।**

দুঃখজনকভাবে, আমাদের আলিমগণ *জিহাদ* সম্পর্কিত এ সমস্ত ভুল তথ্যাবলী প্রচার করছে। আমরা পশ্চিমা মত অনুযায়ী জিহাদের ব্যাখ্যা কেন করব, যেখানে রসূল ﷺ-এর হাতে গড়া সাহাবাদের থেকে আমরা *জিহাদ* বুঝতে পারি? আমাদের পূর্ববর্তী সালাফগণ আমাদেরকে জিহাদ মানে কি তার শিক্ষা দিয়েছেন, তাই এ বিষয়ের উপরে কোন অমুসলিম অথবা তথাকথিত মুসলিম পুতুল সরকারের উপদেশ বাণী আমাদের দরকার নেই।

## কিয়ামত পর্যন্ত জিহাদ চলবে- এ ব্যাপারে প্রাথমিক দলিল সমূহঃ

কিয়ামত না আসা পর্যন্ত *জিহাদ* বন্ধ হবে না- আল্লাহ্ ও তাঁর রসূল আমাদের এটা জানিয়ে দিয়েছেন। এর প্রমাণ কী?

আল্লাহ্ ﷻ বলেনঃ

﴿يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا مَنْ يَرْتَدَّ مِنْكُمْ عَنْ دِينِهِ فَسَوْفَ يَأْتِي اللَّهُ بِقَوْمٍ يُحِبُّهُمْ وَيُحِبُّونَهُ أَذِلَّةٍ عَلَى الْمُؤْمِنِينَ أَعِزَّةٍ عَلَى الْكَافِرِينَ يُجَاهِدُونَ فِي سَبِيلِ اللَّهِ وَلَا يَخَافُونَ لَوْمَةَ لَائِمٍ ذَلِكَ فَضْلُ اللَّهِ يُؤْتِيهِ مَنْ يَشَاءُ وَاللَّهُ وَاسِعٌ عَلِيمٌ﴾

**“হে মুমিনগণ, তোমাদের মধ্যে যে স্বীয় ধর্ম থেকে ফিরে যাবে, অচিরে আল্লাহ্ এমন সম্প্রদায় সৃষ্টি করবেন, যাদেরকে তিনি ভালবাসবেন এবং তারা তাঁকে ভালবাসবে। তারা মুসলমানদের প্রতি বিনয়-নম্র হবে এবং কাফেরদের প্রতি কঠোর হবে। তারা আল্লাহ্র পথে জিহাদ করবে এবং কোন তিরস্কারকারীর তিরস্কারে ভীত হবে না। এটি আল্লাহ্র অনুগ্রহ-তিনি যাকে ইচ্ছা দান করেন। আল্লাহ্ প্রাচুর্য দানকারী, মহাজ্ঞানী।”**[২৫]

এ আয়াতে একটি ব্যাপার উল্লেখ করা হয়েছে, সেটা হচ্ছে ‘*সুন্নাহ রব্বানিয়্যাহ*’। এটা হচ্ছে আল্লাহ্র একটি সুন্নাহ যা চিরস্থায়ী। আর এখানে সেই চিরস্থায়ীটি হচ্ছে ‘প্রতিস্থাপন’ সংক্রান্ত। যারাই তাদের দায়িত্ব পরিত্যাগ করবে, আল্লাহ্ তাদের প্রতিস্থাপন করবেন, তারা যেই হোক না কেন। মনে রাখবেন, এই আয়াতটি সাহাবাদের উদ্দেশ্যে নাযিল হয়েছিল। এ থেকে স্পষ্ট হয় যে, আল্লাহ কারও সাথে কোন বিশেষ সম্পর্ক স্থাপন করেন না। ইহুদীরা ভেবে নিয়েছিল যে তারা আল্লাহ্র **‘মনোনীত দল’** এবং এরপর তারা তাদের দায়িত্ব পালনে অস্বীকৃতি জানালে আল্লাহ্ তাদের অভিশপ্ত জাতিতে পরিণত করেন।

অনেক ইসলামি জামা’আত বলে থাকে যে তাদের জামা’আত ২০-৩০ বছর ধরে টিকে রয়েছে। অতএব, তারাই সরল সঠিক পথের উপর রয়েছে। এটা মোটেও ঠিক নয়। যেই মূহুর্তে আপনি আপনার উপর অর্পিত দায়িত্ব পরিত্যাগ করবেন, আল্লাহ্ আপনাকে প্রতিস্থাপন করবেন। শেষে যে কাজটি আপনি করেছেন বা করবেন সেটাই সবচেয়ে গুরুত্বপূর্ণ। আপনি যদি সেই কাজের উপর মৃত্যুবরণ করেন, ভাল বা মন্দ যাই হোক না কেন, তাই বিচার দিবসে আপনার অবস্থার ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। পাপ করা অবস্থায় মৃত্যু ইসলামে অত্যন্ত নিন্দনীয়।

---

[২৪] সূরা আত-তাওবাহঃ ৫

[২৫] সূরা আল-মায়িদাঃ ৫৪

অনেক মানুষই একটি প্রশ্ন করে যে, চারদিকে এত ইসলামী দল, আমরা কোন্‌টাতে যোগ দিব? আমরা যদি ঠিক জায়গায় দেখি, তাহলে আর বিভ্রান্ত হব না, বরং আমাদের উত্তর খুঁজে পাব। রসূল ﷺ আমাদের *আত-তায়ীফা আল-মানসূরাহ* (বিজয়ী দল) সম্বন্ধে বলেছেন। তিনি শুধু আমাদের এটুকুই বলেননি যে তারা বিজয়ী, বরং তিনি এই বিজয়ী দলের বৈশিষ্ট্যগুলোও বলে দিয়েছেন। যে কেউ এই বৈশিষ্ট্যগুলো শুনবে সে আর উপরোক্ত প্রশ্নটি করবেন না। কুরআনে বর্ণিত বৈশিষ্টগুলো দিয়েই শুরু করা যাক। (সূরা মায়িদাঃ ৫৪) নং আয়াতে আল্লাহ্‌ তোমাদের স্থলাভিষিক্ত বা প্রতিস্থাপন করবেন তাদের দ্বারাঃ-

১) **'আল্লাহ্‌ যাদের ভালবাসেন'**

২) **'তারা আল্লাহকে ভালবাসবে'**

এই দুইটি বৈশিষ্ট্য সম্পর্কে আমরা কখনই হয়ত জানতে পারব না, কারণ এগুলো সবই আমাদের কাছে অদৃশ্য। কিন্তু যদি কেউ তাদের দায়িত্ব কর্তব্য সম্পন্ন করে, তবে তারাই সেই সব ব্যক্তি যাদের আল্লাহ্‌ ভালবাসেন এবং তারাও আল্লাহ্‌কে ভালবাসে।

৩) **'তারা মু'মিনদের প্রতি বিনয়ী হবে'**

এর অর্থ তারা মু'মিনদের ভালবাসে, তাদের জন্য উদ্বিগ্ন। মুসলিমদের ঘটনাগুলো নিয়ে তাঁরা উদ্বিগ্ন হবে। সমগ্র পৃথিবীর মুসলিমদের সাথে কি ঘটছে, সেই খবর তারা রাখে। পৃথিবীর যেকোন জায়গায় যে মুসলিমই থাকুক, সে তাদেরই ভাই, তাদেরই বোন। যদি পশ্চিমে বসবাসকারী কোন মুসলিম শুনে যে পূর্বের কোন মুসলিম ভাইকে হত্যা করা হয়েছে, তাকে রক্ষা করা তারই দায়িত্ব বলে মনে করে। এই ভাইয়েরা, যখন শুনে যে তাদের ভাই-বোনদের সাথে খারাপ কিছু হচ্ছে, তখন তারা তাদের ডাকে সাড়া দেয় এবং সত্যিই সেখানে যায়। তারা মু'মিনদের রক্ষা করতে নিজের জীবন দিয়ে দিতে রাজী। নিজেদের টাকা-পয়সা ও সম্পত্তি খরচ করে তাদের ভাইদের, ঈমানদারদের রক্ষা করতে তারা রাজী। অপরদিকে, আমরা দেখি যে, এমন অনেক মুসলিম আছে, যারা অন্য মুসলিমদের ব্যাপারে ভীষণ সমালোচনাকারী। আপনারা দেখবেন যে, তারা কুফ্‌ফারদের সাথে একই কাতারে দাড়াতে ইচ্ছুক এবং মুসলিমদের উপর গুপ্তচরগিরি ও তাদের বিরুদ্ধে যুদ্ধ করতে আগ্রহী।

৪) **'তারা কুফ্‌ফারদের প্রতি কর্কশ রূঢ়'**

তারা কুফফারদের প্রতি কর্কশ রূঢ়। তারাই কুফফারদের অত্যাচারের বিরুদ্ধে রুখে দাঁড়াতে ইচ্ছুক। তারাই সেই দল যারা কুফফারদের সন্ত্রস্ত ও আতঙ্কগ্রস্ত করতে চায়, যেমন আল্লাহ্‌ ﷻ বলেছেনঃ **"তোমরা কাফিরদের মোকাবিলা করার জন্য যথাসাধ্য শক্তি ও সদাসজ্জিত অশ্ববাহিনী প্রস্তুত রাখবে যদ্দারা আল্লাহ্‌র শত্রু ও তোমাদের শত্রুদেরকে ভীত সন্ত্রস্ত করবে …।"**[২৬]

অপর দিকে, এমন মুসলিম দেখা যায় যারা অন্য মুসলিমদের প্রতি অত্যন্ত সমালোচনাকারী কিন্তু কুফ্‌ফারদের প্রতি ভীষণ নম্র। তারা এ ব্যাপারে দাওয়ার যুক্তি দেখায়। কিন্তু ব্যাপারটা মোটেও তা নয়। তারা ওদেরকে ঠিক করে বলছে না ইসলাম আসলে কি। তারা ইসলাম সম্বন্ধে ওদেরকে ভুল ধারণা দিচ্ছে।

৫) **'তারা আল্লাহ্‌র পথে যুদ্ধ করে'**

বর্তমান সময়ে কারা আল্লাহ্‌র পথে যুদ্ধ করছে- এটা বের করা কঠিন কিছু নয়।

৬) **'তারা অপবাদকারীদের মিথ্যারোপে ভীত নয়'**

---

[২৬] সূরা আন-ফালঃ ৬০

মুনাফিকরা তাদের দোষারোপ করবে। আর স্বাভাবিকভাবেই কুফ্‌ফাররা তাদের বিরূদ্ধে সংবাদপত্র, টেলিভিশন, রেডিও ইত্যাদিতে অপপ্রচার চালাবে। সবচেয়ে বিখ্যাত সংবাদ মাধ্যম, সংবাদপত্র তাদের ব্যাপারে কি বলল এ ব্যাপারে তারা সম্পূর্ণ উদাসীন। যতক্ষণ পর্যন্ত আল্লাহ্‌ তাদের কাজে সন্তুষ্ট, আর কোন কিছুতেই তাদের কিছু যায় আসে না।

সা'দ বিন মু'য়ায رضي الله عنه জাহিলিয়্যার যুগে বানু কুরাইদার মিত্র ছিল। উনি যখন মুসলিম হলেন, সাথে সাথে এই সম্পর্ক ছিন্ন করলেন, কেননা ইসলামের দাবী অনুসারে এখন তার আনুগত্য কেবলমাত্র আল্লাহ্‌, তাঁর রসূল ও মু'মিনদের প্রতি। পরে যখন বানু কুরায়দা আত্মসমর্পন করে তারা সা'দ বিন মুয়ায رضي الله عنه -এর নির্দেশ মেনে নিতে সম্মত হয়, যেহেতু জাহিলিয়্যার যুগে সে তাদের মিত্র ছিল। আল আওস গোত্র সা'দ رضي الله عنه -কে তার বিচারে দয়া প্রদর্শন করতে বলল। সা'দ رضي الله عنه বললঃ *"সা'দের জন্য এটাই সময় আল্লাহ্‌র জন্য নিন্দুকের নিন্দা ভয় না করার।"* একথা শোনার সাথে সাথে তারা বুঝে গেল যে, তাদের পূর্বের মিত্রতা শেষ! সা'দ رضي الله عنه ইহুদীদের জিজ্ঞাসা করল যে, *'তার বিচার মেনে নিতে তারা একমত কিনা'*, তারা বলল, *'হ্যাঁ'*। একইভাবে, *'সে মুসলিমদেরকে-ও একই প্রশ্ন করল যে, তার সিদ্ধান্ত তারা মেনে নিবে কিনা'*। তারাও *'হ্যাঁ'* সূচক উত্তর দিল। সা'দ رضي الله عنه বললঃ *"আমার সিদ্ধান্ত এটাই যে- সমস্ত পুরুষদের হত্যা করা হবে এবং তাদের মহিলা ও শিশুরা মুসলিমদের অধিকৃত হবে।"* রসূল ﷺ বললেনঃ *"তোমার রায় আর সাত আসমানের উপর থেকে আল্লাহ্‌র রায় একই।"* সে দিন ৯০০ জন ইহুদীকে হত্যা করা হয়েছিল। কেন এমন করা হয়েছিল? কারণ তারা বিশ্বাসঘাতকতা করেছিল।

এখন আসুন, *আত-তায়ীফা আল-মানসূরা'*র বৈশিষ্ট্য সমূহের প্রতি আমরা লক্ষ্য করি, যা বিভিন্ন হাদীসে বর্ণিত হয়েছেঃ-

♦ **তারা আল্লাহ্‌র পথে *জিহাদ* করে।**

♦ **তারা জামা'আহ বদ্ধ হয়ে একত্রে কাজ করে।**

♦ **যে কেউ তাদের সাথে দ্বিমত পোষণ করে অথবা তাদের সাথে বিশ্বাসঘাতকতা করে- যে যাই বলুক, সে মুসলিম হোক আর অমুসলিম হোক, কিছুই তাদের কোন ক্ষতি করতে পারে না।**

বাস্তবে তারা সংখ্যায় বৃদ্ধিই পাচ্ছে। রামসফেল্ড তার গোপন ডায়রীতে বলেছিল যে, আমেরিকা বহু জঙ্গী ধরেছে, হত্যা করেছে, কিন্তু তারপরও ওদের সংখ্যা বেড়ে চলেছে। এর কারণ তোমরা *আত-তায়ীফা আল-মানসূরার* সাথে যুদ্ধ করছ, যাদেরকে আল্লাহ্‌ স্বয়ং রক্ষা করার প্রতিশ্রুতি দিয়েছেন। তারা যতই থামাক বা গ্রেফতার করুক না কেন, *জিহাদ* চলবেই ইনশাল্লাহ্‌।

লেখক কেন এই আয়াত (সূরা আল-মায়িদাঃ ৫৪) উল্লেখ করলেন সে দিকে ফিরে যাই। উনি উল্লেখ করেছেন যে আয়াতে আছে "يُجَاهِدُونَ" যার অর্থ ***"তারা জিহাদ করছে"***- এটা বর্তমান কালের ক্রিয়া। অন্যভাবে বলতে গেলে, যে কোন সময়ে আপনি এই আয়াত তিলাওয়াত করবেন, কোথাও না কোথাও, কেউ না কেউ *জিহাদ ফী সাবিলিল্লাহ্‌* করতে থাকবে। এটি একটি নিদর্শন বা ইঙ্গিত যে কিয়ামত পর্যন্ত *জিহাদ* চলতে থাকবে।

আল্লাহ্‌ যিনি অসীম দয়ালূ তিনি বলেনঃ

﴿ وَقَاتِلُوهُمْ حَتَّى لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ لِلَّهِ فَإِنِ انْتَهَوْا فَلَا عُدْوَانَ إِلَّا عَلَى الظَّالِمِينَ ﴾

**“ফিত্না দূরীভূত হয়ে আল্লাহ্র দ্বীন প্রতিষ্ঠিত না হওয়া পর্যন্ত তোমরা তাদের সাথে যুদ্ধ কর, অতঃপর যদি তারা নিবৃত্ত হয়, তাহলে অত্যাচারীদের উপর ব্যতীত শত্রুতা নেই।”**[২৭]

এই আয়াতে ফিত্না অর্থ কুফ্র। অর্থাৎ এই আয়াত বলছে যে, যুদ্ধ কর যতক্ষণ পর্যন্ত না কুফ্র (অবিশ্বাস) দূরীভূত হয়। আর রসূল ﷺ এর হাদীস সমূহ থেকে আমরা জানতে পারি যে, কিয়ামত পর্যন্ত কুফ্র (অবিশ্বাস) থাকবে। আর যেহেতু আমাদেরকে পৃথিবী থেকে কুফ্র দূরীভূত না হওয়া পর্যন্ত যুদ্ধ চালিয়ে যেতে বলা হয়েছে, অতএব *জিহাদ*ও চলবে।

এখানে উল্লেখ্য যে, *জিহাদ* শেষ হবে যখন ঈসা عليه السلام এই পৃথিবী শাসন করবেন। এর কারণ কি? কেননা, ঈসা عليه السلام কুফরের বিরুদ্ধে যুদ্ধ করবেন এবং এরপর আর কোন কুফর থাকবেনা। ঈসা عليه السلام-এর মৃত্যুর পর আর কোন *জিহাদ* হবে না, কারণ আল্লাহ্ ঈমানদারদের জান নিয়ে নিবেন এবং দুনিয়াতে কেবল কুফ্ফাররাই অবশিষ্ট থাকবে শেষ সময় অতিবাহিত করার জন্য। আরও উল্লেখ্য যে, ইয়াজুজ ও মাজুজের বিরুদ্ধে কোন *জিহাদ* হবে না, কারণ ওদের বিরুদ্ধে জিহাদের সামর্থ্যই নেই। তারা অলৌকিকভাবে ধ্বংস প্রাপ্ত হবে।

[২৭] সূরা আল-বাকারাঃ **১৯৩**

# অধ্যায়ঃ ২

# দ্বিতীয় বৈশিষ্ট্য ঃ জিহাদ কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গের উপর নির্ভরশীল নয়

﴿وَمَا مُحَمَّدٌ إِلَّا رَسُولٌ قَدْ خَلَتْ مِنْ قَبْلِهِ الرُّسُلُ أَفَإِنْ مَاتَ أَوْ قُتِلَ انْقَلَبْتُمْ عَلَى أَعْقَابِكُمْ وَمَنْ يَنْقَلِبْ عَلَى عَقِبَيْهِ فَلَنْ يَضُرَّ اللَّهَ شَيْئًا وَسَيَجْزِي اللَّهُ الشَّاكِرِينَ﴾

**"আর মুহাম্মদ একজন রসূল বৈ তো নয়! তাঁর পূর্বেও বহু রসূল অতিবাহিত হয়ে গেছেন। তাহলে কি তিনি যদি মৃত্যুবরণ করেন অথবা নিহত হন, তবে তোমরা পশ্চাদপসরণ করবে? বস্তুতঃ কেউ যদি পশ্চাদপসরণ করে, তবে তাতে আল্লাহর কিছুই ক্ষতি-বৃদ্ধি হবে না। আর যারা কৃতজ্ঞ, আল্লাহ তাদের সওয়াব দান করবেন।" [সূরা আলে-ইমরানঃ ১৪৪]**

## দ্বিতীয় বৈশিষ্ট্য ঃ *জিহাদ* কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গের উপর নির্ভরশীল নয়

কোন নেতা বা নির্দিষ্ট কোন ব্যক্তিকে অগ্রাহ্য করে *জিহাদ* চলতেই থাকবে। কেউ কেউ বলে যে, আল্লাহ্‌র দ্বীন নির্দিষ্ট ব্যক্তিবর্গের উপর নির্ভরশীল নয়, আর যদি আল্লাহ্‌র দাসরা আল্লাহ্‌র পথে মৃত্যু বরণ করে, তবে আল্লাহ্ তাদের স্থলে অন্য ঈমানদারদের নিয়ে আসবেন যারা আল্লাহ্‌র কাজে অগ্রসর হবে। এটা সত্য। কিন্তু দেখা যায় যে, অধিকাংশ মানুষ যারা তা বলে, কেবলমাত্র কথা বলার মধ্যে সীমাবদ্ধ রাখে। অন্যভাবে বললে, তারা দৃঢ়ভাবে বিশ্বাস করে যে, *জিহাদ ফী সাবিলিল্লাহ্* নির্দিষ্ট কিছু ব্যক্তিবর্গ বা দলের উপর নির্ভরশীল। আমরা ইনশাআল্লাহ্ এটা প্রমাণ করবো যে, *জিহাদ* কোন নির্দিষ্ট নেতৃত্ব বা নির্দিষ্ট ব্যক্তিবর্গের উপর নির্ভরশীল নয়।

### প্রথম প্রমাণঃ

যদি আমরা বিশ্বাস করি যে *জিহাদ* কোন ব্যক্তির উপর নির্ভরশীল, তাহলে এটা আমাদের আক্বীদাকে দূর্বল করে দেয়, কেননা এটি ভুল আক্বীদা। এবং এটি **"*জিহাদ* কিয়ামত পর্যন্ত চলবে"**- এই নীতিকে বদলে দেয়। কেননা, আমরা জিহাদের সাথে কিছু বিশেষ ব্যক্তিবর্গকে সংশ্লিষ্ট করে ফেলছি এবং আমাদের কথাবার্তায় পরোক্ষভাবে প্রকাশ পায় যে, যদি অমুক-অমুক মারা যায়, তাহলে *জিহাদ* বন্ধ হয়ে যাবে। উল্লেখ্য যে, ইবন ক্বাদামাহ رحمه الله বলেছেন যে, *"ইমামের অনুপস্থিতি যেন জিহাদ বিলম্বিত বা স্থগিত করার কারণ না হয়।"*

### দ্বিতীয় প্রমাণঃ

আল্লাহ্ ﷻ সাহাবাদের এমনভাবে গড়ে তুলেছেন যার ফলে সাহাবাগণ তাঁর উপরই নির্ভর করত এবং সম্পূর্ণভাবে ইসলামকে আকড়ে ধরে ছিল।

রসূল ﷺ তাদের দেখিয়েছেন যে, নির্দিষ্ট কোন ব্যক্তির উপর নির্ভর করা ঠিক না, কারণ যখন সেই ব্যক্তি মারা যায়, তখন *জিহাদ*ও বন্ধ হয়ে যায়। একই সাথে, আল্লাহ্ রসূল ﷺ-এর উপরও নির্ভর না করার জন্য আয়াত নাযিল করেন।

﴿وَمَا مُحَمَّدٌ إِلَّا رَسُولٌ قَدْ خَلَتْ مِنْ قَبْلِهِ الرُّسُلُ أَفَإِنْ مَاتَ أَوْ قُتِلَ انْقَلَبْتُمْ عَلَى أَعْقَابِكُمْ وَمَنْ يَنْقَلِبْ عَلَى عَقِبَيْهِ فَلَنْ يَضُرَّ اللَّهَ شَيْئًا وَسَيَجْزِي اللَّهُ الشَّاكِرِينَ﴾

**"আর মুহাম্মদ একজন রসূল বৈ তো নয়! তাঁর পূর্বেও বহু রসূল অতিবাহিত হয়ে গেছেন। তাহলে কি তিনি যদি মৃত্যুবরণ করেন অথবা নিহত হন, তবে তোমরা পশ্চাদপসরণ করবে? বস্তুতঃ কেউ যদি পশ্চাদপসরণ করে, তবে তাতে আল্লাহর কিছুই ক্ষতি-বৃদ্ধি হবে না। আর যারা কৃতজ্ঞ, আল্লাহ তাদের সওয়াব দান করবেন।"**[২৮]

এই আয়াতটি সাহাবাদের এটা শিক্ষা দিতেই নাযিল হয়েছিল যে, কোন ইবাদতই নির্দিষ্ট ব্যক্তির উপর নির্ভরশীল নয়। ইসলাম কেবল আল্লাহরই অধিকারভূক্ত আর কারও নয়। অতএব, আল্লাহ্‌র উপর তাওয়াক্কুল কর, মুহাম্মদ ﷺ বা অন্য কারও উপর নয়।

এখানে আমরা শিরক বা আল্লাহ্‌র সাথে কোন ব্যক্তিকে শরীক করা নিয়ে আলোচনা করছি না বরং বলতে চাচ্ছি যে, কিছু মানুষ মনে করে যে, আল্লাহ অমুককে নেতৃত্ব দিয়েছেন বা অমুককে জিহাদের অংশ করেছেন বলেই *জিহাদ* সফল হয়েছে। এটা একটি ভুল ধারণা।

এবার এই আয়াতের তাফসীর নিয়ে আলোচনা করা যাক। ইমাম ইবন কাসীর رحمه الله বলেছেন যে, এই আয়াতটি নাযিল হয়েছিল উহুদ যুদ্ধের সময় যখন এক কুরাইশ রসূল ﷺ-কে পাথর দিয়ে আঘাত করেছিল এবং ভেবেছিল সে তাঁকে হত্যা করেছে। সে তার লোকদের নিকট গিয়ে এটা প্রচার করে দিল। এই গুজব চারদিকে ছড়িয়ে পড়লে তা মুসলিমদের কানেও এলো যে, মুহাম্মদ ﷺ মৃত্যুবরণ করেছেন। এ কারণে কিছু মুসলিম হতাশ হয়ে পড়লে আল্লাহ্ ﷻ এই আয়াতটি তখন নাযিল করলেন যে, **"মুহাম্মদ ﷺ একজন রসূল ব্যতীত আর কিছুই নয়। এবং এর আগে আরও রসূল এসেছিল। এখন যদি সে মৃত্যু বরণ করে, তবে কি তোমরা পশ্চদপসরণ করবে এবং দ্বীন ত্যাগ**

---

[২৮] সূরা আলে-ইমরানঃ ১৪৪

**করবে?"** তোমরা কি তাঁর উপর নির্ভরশীল, না আল্লাহ্‌র উপর? এই আয়াত দ্বারা কিছু সাহাবাদের সমালোচনা করা হয়েছে। এই খবর দ্বারা কিছু মুসলিম প্রভাবিত হয়েছিল। আবার কিছু মুসলিমের উপর এর কোন প্রভাবও পড়েনি।

আনসারদের মধ্য থেকে একজন মুসলিম বলেছিলঃ *"যদি তিনি মারা গিয়েও থাকেন, তিনি তো তাঁর বার্তা পৌছিয়েই গিয়েছেন। অতএব, তার জন্য যুদ্ধ কর এবং তাঁর মত মৃত্যু বরণ করে নাও।"* এই সাহাবী এ গুজবের কারণে ভেঙ্গে পড়ার বদলে বরং আরও শক্তিশালী ও দৃঢ় চিত্তের অধিকারী হয়েছিল। কেননা যেই পৃষ্ঠপ্রদর্শন করেছে, তারা কেবল নিজেদেরই ক্ষতি সাধন করেছিল।

যখন রসূল ﷺ মৃত্যুবরণ করেছিলেন, আবু বকর رضي الله عنه রসূল ﷺ -এর বাড়িতে আয়শা رضي الله عنها -এর ঘরে গেলেন এবং তিনি রসূল ﷺ-এর কপালে চুম্বন করলেন আর বললেন, *"জীবিত অবস্থায় আপনি ছিলেন পবিত্র এবং মৃত অবস্থায়ও, আল্লাহ্ আপনাকে দু'বার মৃত্যুর স্বাদ আস্বদন করাবেন না।"* এরপর তিনি মসজিদ গেলেন যেখানে উমর رضي الله عنه মানুষদের সাথে কথা বলছিল। উমর رضي الله عنه এটা শুনতেই চাচ্ছিলেন না যে, রসূল ﷺ মারা গেছেন। সে মানুষকে বলে বেড়াতে লাগল, *"যে-ই বলবে যে রসূল ﷺ মারা গেছেন আমি তার শিরচ্ছেদ করব। মূসা عليه السلام যেমন আল্লাহর সাথে দেখা করতে গিয়েছিলেন, ঠিক তেমনি মুহাম্মদ ﷺ-ও আল্লাহ্‌র সাথে সাক্ষাত করতে গিয়েছেন। অতএব, তিনি ফিরে আসবেন।"* আবু বকর رضي الله عنه উমর رضي الله عنه -কে থামিয়ে বললেমঃ *"হে মানুষ! যে মুহাম্মদের ﷺ ইবাদত করত, সে জানুক যে মুহাম্মদ ﷺ মারা গিয়েছেন। আর যে আল্লাহ্‌র ইবাদত করত, সে জানুক যে আল্লাহ্ জীবিত এবং তিনি চিরঞ্জীব।"* এরপর তিনি এই আয়াতটি তিলাওয়াত করলেন, সবাই এই আয়াতটি জানত কিন্তু যখন তারা এটি আবু বকর رضي الله عنه -এর মুখে আবার শুনল, তখন এমন লাগল যেন, এটি তারা এই প্রথম শুনছে। কেননা, তারা এমন এক মানসিক অবস্থায় ছিল, যাতে করে তারা সবই ভুলে গিয়েছিল। এরপর সবাই পুনঃ পুনঃ এই আয়াতটিই তিলাওয়াত করতে থাকল। সবাইকেই তার নির্দিষ্ট সময়ে মৃত্যু বরণ করতে হবে। এটিই ছিল শিক্ষা। আল্লাহ্ ﷻ বলেনঃ

﴿ وَمَا كَانَ لِنَفْسٍ أَنْ تَمُوتَ إِلَّا بِإِذْنِ اللَّهِ كِتَابًا مُؤَجَّلًا ﴾

**"আর আল্লাহ্‌র হুকুম ছাড়া কেউ মরতে পারে না -সেজন্য একটা সময় নির্ধারিত রয়েছে ...।"**[২৯]

আল্লাহ্ মহামহিম আরও বলেনঃ

﴿... وَمَا يُعَمَّرُ مِنْ مُعَمَّرٍ وَلَا يُنْقَصُ مِنْ عُمُرِهِ إِلَّا فِي كِتَابٍ إِنَّ ذَلِكَ عَلَى اللَّهِ يَسِيرٌ ﴾

**"... কোন বয়স্ক ব্যক্তি বয়স পায় না। এবং তার বয়স হ্রাস পায় না; কিন্তু তা লিখিত আছে কিতাবে। নিশ্চয় এটা আল্লাহ্‌র পক্ষে সহজ।"**[৩০]

লেখক বলেন, কেবল এই দুইটি আয়াতই কাপুরুষদের সাহসী বানাতে এবং আল্লাহ্‌র জন্য তাদের জীবন উৎসর্গ করে যুদ্ধ করতে উৎসাহ দিতে যথেষ্ট। কারণ সাহসিকতা কারও আয়ুষ্কাল কমায় না আর কাপুরুষতা আয়ুষ্কাল বৃদ্ধি করে না। আর আপনার যত ভয়ই থাকুক না কেন, তা আপনার আয়ু একটুও বাড়াবে না। যদি কোন মু'মিন এই পর্যায়ের ইয়াক্বীনের অধিকারী হয়, যখন সে অনুধাবন করতে পারে যে, মৃত্যু এটা নির্দিষ্ট সময়েই হবে এবং কোন কিছুই তাকে প্রতিহত করতে পারবে না, তখন সে হয়ে উঠে ভীষণ সাহসী, কোন কিছুই তাকে ভীত করতে পারে না। সে আল্লাহ্‌র সমস্ত শত্রুকে কেবল সেই সব সৃষ্টি হিসেবে দেখবে, যাদেরকে আল্লাহ্‌ই নিয়ন্ত্রণ করে। তাহলে ওদেরকে কিসের ভয়?

খালিদ বিন ওয়ালিদ এতই সাহসী ছিলেন যে, তিনি নিজেকে শত্রুবাহিনীর মাঝে ছুড়ে দিতেন। তিনি নিজের সম্পর্কে বলেছেনঃ *"আমি নিজেকে শত্রুবাহিনীর মাঝে এমনভাবে ছুড়ে দিতাম যে, নিশ্চিতভাবে আমি জানতাম যে এখান থেকে বেঁচে ফেরা সম্ভব না। আর দেখ, এই*

---

[২৯] সূরা আলে-ইমরানঃ ১৪৫
[৩০] সূরা ফাতিরঃ ১১

*বিছানাতেই আমার মৃত্যু হচ্ছে! অতএব, কাপুরুষদের চোখ যেন কোনদিন ঘুম না দেখে।"* তিনি কাপুরুষদের বিরুদ্ধে দো'আ করলেন এটা বোঝানোর জন্য যে, কি করে মানুষ কাপুরুষ হতে পারে, যেখানে সাহসিকতা তাকে মারতে পারে নি।

লেখক এখানে ইরাকে পার্সিয়ান রাজত্বের ফুতুহাত (বিস্তার) এর সময়কার হাজ্জাজ বিন উদয় নাম্নী এক মুসলিমের কাহিনী বর্ণনা করেছেন। মুসলিম ও পার্সিয়ান সেনাবাহিনীর মাঝে একটি নদী ছিল। তো হাজ্জাজ মুসলিমদের বললঃ *"নদী পার হয়ে তোমরা শত্রুর সাথে মিলিত হচ্ছো না কেন?"* সে তার ঘোড়ার উপর বসে ছিল এবং ঘোড়া নিয়ে সে নদী পার হওয়া শুরু করলে অন্য মুসলিমরাও তাকে অনুসরণ করতে থাকল। পার্সিয়ান সেনাবাহিনী মুসলিমদের এভাবে ঘোড়া নিয়ে নদী পার হওয়ার দৃশ্য দেখে ভীষণ ঘাবড়িয়ে গেল। তারা চিৎকার করে উঠলঃ "দাইওয়ান! দাইওয়ান!" যার অর্থ- "জিন! জিন! তারা সবাই পালিয়ে গেল। এখানেই যুদ্ধের ইতি ঘটল। হাজ্জাজ এই ঘটনার পক্ষে যুক্তি দিতে গিয়ে বলেঃ *"আল্লাহ্‌র হুকুম ব্যতিরেকে কেউই মৃত্যু মুখে পতিত হয় না। যদি আল্লাহ্‌ চান কেবল তাহলেই আমাদের মৃত্যু হবে। মৃত্যু থেকে আমরা কেউই সুরক্ষিত নই। যদি আমাদের মৃত্যু না হওয়ার থাকে, তাহলে আল্লাহ্‌ই আমাদের রক্ষা করবেন।"*

যাদ বিন মাসীর গ্রন্থের লেখক তার তাফসীরে বলেছেন যে, ইবন আব্বাস ﵁ বলেছেনঃ *"শয়তান উহুদের ময়দানে চিৎকার করে ঘোষণা দিয়েছিল যে মুহাম্মদ ﷺ মারা গিয়েছেন।"* তখন কিছু মুসলিম বলল যে, *"যদি মুহাম্মদ ﷺ মারা গিয়ে থাকেন, তো চল আমরা আত্মসমর্পন করি। এরা তো আমাদেরই গোত্র, স্বজন। যদি মুহাম্মদ ﷺ বেঁচে থাকতেন, তবে আমরা পরাজিত হতাম না।"* তারা আসলে যুদ্ধ না করার পক্ষে যুক্তি বের করেছিল। আব্দুল হাক বলেনঃ কিছু মুনাফিকুন বলল যে, *"মুহাম্মদ ﷺ তো মারা গেছেন, চল আমরা আমাদের পূর্বের ধর্মে ফিরে যাই।"*

আল্লাহ্‌ মানুষদের পরীক্ষা করেন এবং এই পরীক্ষার ফলাফল বিভিন্ন হয়। পরীক্ষার প্রতি আমাদের প্রতিক্রিয়া কেমন হয় এর উপরই ফলাফল নির্ভরশীল। আমাদের জীবন এরকম বিভিন্ন পরীক্ষা দিয়ে পরিপূর্ণ। আমরা যদি এমন পরীক্ষায় পাশ করে যেতে পারি, তবে আমরা ক্রমান্বয়ে বিশুদ্ধ থেকে বিশুদ্ধতর হতে পারি।

আশ-শাউকানি رحمه الله উল্লেখ করেন কিভাবে শয়তান উহুদের দিনে চিৎকার করেছিল এবং কিছু মুসলিম বলে উঠলঃ *"মুহাম্মদ ﷺ যদি রসূল হয়ে থাকেন, তবে তিনি মরবেন না।"* অতঃপর আল্লাহ্‌ এই আয়াতটি নাযিল করেন। আল্লাহ্‌র আদেশেই তাঁর রসূলগণের কেউ কেউ নিহত হতে পারে।

কিছু মুসলিম বললঃ *"চলো, আব্দুল্লাহ্‌ ইবন উবাইয়ের কাছে চলো। তাকে কুরাইশদের কাছে আমাদের আত্মসমর্পনের মধ্যস্থতা করে দিতে বলি।"* ওরা তার কাছে গেল কেননা ওরা জানত যে কুফ্‌ফারদের সাথে তার ভাল সম্পর্ক ছিল।

আনসারদের একজন আনাস বিন নাদ্‌র ﵁ বলেছিলেনঃ *"যদিও বা মুহাম্মদ ﷺ নিহত হয়ে থাকেন, আল্লাহ্‌ তো নিহত হননি। অতএব, চল আল্লাহ্‌র দ্বীনের জন্য আমরা লড়াই করি।"* সে কিছু মুসলিমকে যুদ্ধ ময়দানে বসে থাকতে দেখে তাদের জিজ্ঞাসা করল, *"কি ব্যাপার তারা কি করছে।"* তারা জবাব দিলঃ *"মুহাম্মদ ﷺ নিহত হয়েছেন। (এখন) আমরা কি করব?"* তিনি তাদের বললঃ *"যদি মুহাম্মদ ﷺ নিহত হয়ে থাকেন, তবে তোমরা উঠে দাড়াও, যুদ্ধ কর এবং তাঁর মত তোমরাও নিহত হও।"* তার কথা শুনে কিছু মুসলিম তাই করল এবং নিহত হল।

## সঠিক এবং ভ্রান্ত ধারণাঃ

যারা ভ্রান্ত ধারণার বশবর্তী হয়েছিল তাদের ২টি শ্রেণীতে ভাগ করা যায়-

ক. যারা রসূল ﷺ-এর মৃত্যুর সংবাদের কারণে অকৃতকার্য হয়েছিল। তারা দূর্বল হয়ে পড়েছিল এবং এই ধাক্কা সামাল দিয়ে উঠতে পারে নি। তারা শান্তি চেয়েছিল এবং মৃত্যু এড়াতে চেয়েছিল।

খ. এরচেয়েও খারাপ অবস্থানে ছিল তারা, যারা কুফরের দিকে ফিরে গিয়েছিল।

*জিহাদ* রসূল ﷺ-এর উপর নির্ভরশীল নয়। যে দু'শ্রেণীর লোকেরা ভ্রান্ত পথ অবলম্বন করেছিল, তাদের মতই আজকের অনেক মুসলিমদের অবস্থা। আমরা অনেক মুসলিমকেই বলতে শুনি যে, যদি তালেবানরা সঠিক পথের উপর থাকত, তবে তারা পরাজিত হত না। কিছু লোক বলেছিল, ইসলাম ভুল ধর্ম, কেননা মুহাম্মদ ﷺ যুদ্ধের ময়দানে মৃত্যুবরণ করেছে। ঠিক একই ঘটনা আমরা এখনও দেখি, যখন মুসলিমরা বলে যে, তালেবানরা ভুল ছিল, কেননা তারা যুদ্ধে হেরে গিয়েছে। এটা বলাটাই ভুল। কেউ কেউ বলে যে আরব মুজাহিদীনদের যার যার দেশে ফিরে গিয়ে সরকারের সাথে শান্তি প্রতিষ্ঠা করা এবং তাদের সাথে হাত মিলানো উচিত। এটা মুসলিমদের আব্দুল্লাহ্ ইবনে উবাইর নিকট গিয়ে কুরাইশদের নিকট তাদের আত্মসমর্পন করার ব্যবস্থা করতে বলারই মত। ইতিহাসের পুনরাবৃত্তি ঘটে। দেখা যায় যে, আজ যারা পথভ্রষ্ট তারা আসলে তাদের পূর্বেরই কারও মত একই ভুল পথ অনুসরণ করেছে।

যারা সঠিক পথ অবলম্বন করে তারা আনাস বিন নাদর رضي الله عنه -এর মত যে মানুষদের বলেছিল, *"তোমরা বসে আছ কেন?"* তারা বসেছিল কারণ মুহাম্মদ ﷺ নিহত হয়েছেন। তিনি বলেছিলেনঃ *"তাহলে তোমরা কিসের জন্য বেঁচে থাকবে? উঠে* দাঁড়াও *এবং তাঁর মত যুদ্ধ কর।"* তারা আবু বকর رضي الله عنه -এর মতও যিনি বলেছিলেন, *"যে মুহাম্মদ ﷺ ইবাদত করে সে জানুক ... তিনি চিরঞ্জীব।"* তারা আলী বিন আবু তালিব رضي الله عنه -এরও মত যিনি বলেছিলেন, *"যদি মুহাম্মদ ﷺ নিহত হয়ে থাকেন, তবে আমি তার দ্বীনের জন্য লড়াই করব।"* এই মানুষরাই সঠিক ধারণার অনুরসরণ করে, *জিহাদ* কোন ব্যক্তির উপর নির্ভরশীল নয়, যদিও বা সে ব্যক্তি মুহাম্মদ ﷺ -ও হয়।

আল্লাহ্ ﷻ বলেনঃ

﴿ وَلَا تَهِنُوا وَلَا تَحْزَنُوا وَأَنْتُمُ الْأَعْلَوْنَ إِنْ كُنْتُمْ مُؤْمِنِينَ ﴾

**"আর তোমরা নিরাশ হয়ো না এবং দুঃখ করো না। যদি তোমরা মুমিন হও তবে, তোমরাই জয়ী হবে।"**[৩১]

এই আয়াতটি উহুদ যুদ্ধের পরে নাযিল হয়েছিল সাহাবাদের এটা বোঝাতে যে- পারিপার্শ্বিক অবস্থা যাই হোক না কেন, তা যেন কখনই তাদেরকে দূর্বল না করে দেয়, কেননা তারা সবসময়ই মর্যাদায় উচ্চ এবং শেষ সফলতা মুত্তাকীদের জন্যই।

পরম দয়ালু আল্লাহ বলেনঃ

﴿ أَوَلَمَّا أَصَابَتْكُمْ مُصِيبَةٌ قَدْ أَصَبْتُمْ مِثْلَيْهَا قُلْتُمْ أَنَّى هَذَا قُلْ هُوَ مِنْ عِنْدِ أَنْفُسِكُمْ إِنَّ اللَّهَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ ﴾

**"যখন তোমাদের উপর একটি মুসীবত এসে পৌছাল, অথচ তোমরা তার পূর্বেই দ্বিগুণ কষ্টে পৌছে গিয়েছ, তখন কি তোমরা বলবে, এটা কোথা থেকে এল? তাহলে বলে দাও, এ কষ্ট তোমাদের উপর পৌছেছে তোমারই পক্ষ থেকে। নিশ্চয়ই আল্লাহ্ প্রত্যেক বিষয়ের উপর ক্ষমতাশীল।"**[৩২]

অতএব, ঈমানদারদের এই আয়াতটি তিলাওয়াত করা উচিত যখন তারা পরাজিত হয়, যাতে আল্লাহ্‌র উপর তাদের ঈমান ও ইয়াক্বীন বৃদ্ধি পায় এবং তারা আল্লাহ্‌র সত্যিকার আউলিয়ায় পরিণত হতে পারে। তাদের আরও তিলাওয়াত করা উচিতঃ

﴿ وَلَا تَهِنُوا وَلَا تَحْزَنُوا وَأَنْتُمُ الْأَعْلَوْنَ إِنْ كُنْتُمْ مُؤْمِنِينَ ﴾

**"আর তোমরা নিরাশ হয়ো না এবং দুঃখ করো না। যদি তোমরা মুমিন হও তবে, তোমরাই জয়ী হবে।"**[৩৩]

জয়, পরাজয় সম্পূর্ণভাবে আল্লাহর তরফ থেকে আসেঃ

---

[৩১] সূরা আলে-ইমরানঃ ১৩৯
[৩২] সূরা আলে-ইমরানঃ ১৬৫
[৩৩] সূরা আলে-ইমরানঃ ১৩৯

বিজয় আল্লাহ্‌র অধিকারভূক্ত, আমাদের নয়। আমরা এটা অর্জন করিনি বা একে এতদূরে নিয়েও আসিনি। এটা পুরোটাই আল্লাহর পক্ষ থেকে আমাদের জন্য উপহার, যেমন আল্লাহ্‌ বলেনঃ

﴿ فَلَمْ تَقْتُلُوهُمْ وَلَكِنَّ اللَّهَ قَتَلَهُمْ وَمَا رَمَيْتَ إِذْ رَمَيْتَ وَلَكِنَّ اللَّهَ رَمَى وَلِيُبْلِيَ الْمُؤْمِنِينَ مِنْهُ بَلَاءً حَسَنًا إِنَّ اللَّهَ سَمِيعٌ عَلِيمٌ ﴾

**"সুতরাং তোমরা তাদের হত্যা করনি, বরং আল্লাহই তাদের হত্যা করেছে। আর তুমি মাটির মুষ্টি নিক্ষেপ করনি যখন তা নিক্ষেপ করা হয়েছিল, বরং তা নিক্ষেপ করেছিলেন আল্লাহ স্বয়ং, যেন ঈমানদারদের প্রতি যথাযথ ইহসান করতে পারেন; নিঃসন্দেহে আল্লাহ শ্রবনকারী ও পরিজ্ঞাত।"**[৩৪]

এবং

﴿ وَمَا جَعَلَهُ اللَّهُ إِلَّا بُشْرَى لَكُمْ وَلِتَطْمَئِنَّ قُلُوبُكُمْ بِهِ وَمَا النَّصْرُ إِلَّا مِنْ عِنْدِ اللَّهِ الْعَزِيزِ الْحَكِيمِ ﴾

**"বস্তুতঃ এটা তো আল্লাহ তোমাদের সুসংবাদ দান করলেন, যাতে তোমাদের মনে এতে সান্ত্বনা আসতে পারে। আর সাহায্য শুধুমাত্র পরাক্রান্ত, মহাজ্ঞানী আল্লাহ্‌রই পক্ষ থেকে।"**[৩৫]

কুরআনে কখনই বিজয়, মু'মিনদের উপর আরোপ করা হয়নি। এটা সবসময় আল্লাহর করুণা হিসেবে পরিগণিত হয়েছে। আর যদি ঈমানদাররা বিজয়ী হয়, তবে তারা বলবেঃ

﴿ وَاذْكُرُوا إِذْ أَنْتُمْ قَلِيلٌ مُسْتَضْعَفُونَ فِي الْأَرْضِ تَخَافُونَ أَنْ يَتَخَطَّفَكُمُ النَّاسُ فَآوَاكُمْ وَأَيَّدَكُمْ بِنَصْرِهِ وَرَزَقَكُمْ مِنَ الطَّيِّبَاتِ لَعَلَّكُمْ تَشْكُرُونَ ﴾

**"স্মরণ কর, তোমরা ছিলে স্বল্প সংখ্যক, পৃথিবীতে তোমরা দুর্বলরূপে পরিগণিত হতে। তোমরা আশংকা করতে যে, লোকেরা তোমাদেরকে অকস্মাৎ ধরে নিয়ে যাবে। অতঃপর তিনি তোমাদেরকে আশ্রয় দেন, স্বীয় সাহায্য দ্বারা তোমাদেরকে উত্তম বস্তুসমূহ জীবিকাসরূপ দান করেন যাতে তোমরা কৃতজ্ঞ হও।"**[৩৬]

আল্লাহ্‌র সাহায্য ও ভালবাসার প্রতি আমাদের বিশ্বাস ও আস্থা বাড়ানোই এর উদ্দেশ্য। অতএব, আমরা বিজয়ী বা বিজিত হই এটা আমাদেরই ভালোর জন্য, কেননা এতে আমাদের ঈমান ও ইয়াক্বীন বৃদ্ধি পায়। আল্লাহ্‌ এতেই সন্তুষ্ট হন যে, আমাদের কাজকর্ম সবই আল্লাহ্‌র আদেশ নিষেধ অনুযায়ী হবে।

### ফলাফলের ভিত্তিতে বিচার করবেন নাঃ

আমাদের এ জন্য কিছু করা উচিত না যে, এতে করে আমাদের বিজয় হবে বা ফলাফল আমাদের পক্ষে আসবে, বরং কেবল এজন্যই করা উচিত যে আল্লাহ্‌ আমাদের করতে বলেছেন। আর ফল সম্পূর্ণ আল্লাহ্‌র উপর ছেড়ে দেয়া উচিত। আমরা আল্লাহর সৈন্য। আমাদের পরিণতির চিন্তা বাদ দিয়ে আল্লাহ্‌ যা আদেশ দিয়েছেন তা করে যাওয়া উচিত। আর সবকিছু আল্লাহর উপর ছেড়ে দেয়া উচিত। আমরা তো গায়েবের জ্ঞান রাখি না। একই সাথে, আমাদের কাজটা কি ভুল ছিল না ঠিক ছিল, তা আমরা পরিণাম দেখে বিচার করি না। বরং আমরা কাজের বিচার করি এর ভিত্তিতে যে, তা আল্লাহ্‌র হুকুম মত হয়েছিল কিনা। উদাহরণস্বরূপ, যদি কোন অমুসলিমকে কোন মুসলিম ইসলাম কবুল করায়, তবে তার সম্পর্কে এমন বলা যাবে না যে, "সে কত ভাল দা'য়ী যে একজনকে ইসলামে নিয়ে এসেছে" সে কতজনকে ইসলামের ছায়াতলে এনেছে সেই সংখ্যার ভিত্তিতে আমরা তাকে বিচার করব না। বরং সে রসূলুল্লাহ্‌ ﷺ এর পন্থায় দাওয়াত দিচ্ছে কি না- এর ভিত্তিতেই তার বিচার হবে। যদি তার দাওয়া, রসূল ﷺ এর দাওয়ার পদ্ধতির অনুরূপ হয়, তবে সেই দাওয়াহ কেউ

[৩৪] সূরা আন-ফালঃ ১৭
[৩৫] সূরা আলে-ইমরানঃ ১২৬
[৩৬] সূরা আনফালঃ ২৬

কবুল না করলেও সে সফলকাম। যদি তার পদ্ধতি রসূল ﷺ-এর অনুরূপ না হয়, তাহলে সে ভুল করছে, যদিওবা দলে দলে লোক দাওয়াহ কবুল করতে থাকে। নূহ ﷺ এর কথা ভাবুন, তিনি কি সফল না ব্যর্থ? এ সমস্ত মানদন্ড অনুযায়ী তিনি ব্যর্থ, আর এটা বলাটা অনৈসলামিক ছাড়া আর কিছু না। আমরা জানি যে বিচার দিবসে কিছু আম্বিয়া আসবেন যাদের অত্যন্ত অল্প সংখ্যক অনুসারী থাকবে এবং কিছু আম্বিয়া আসবেন যাদের কোন অনুসারীই থাকবে না। তাহলেই কি আমরা বলতে পারি যে তাঁরা ব্যর্থ? তাঁরা আল্লাহ্‌র নবী ছিলেন এবং দাওয়াহ দেয়াই ছিল তাদের জীবনের লক্ষ্য। তাঁরা আল্লাহ্‌ যা বলেছেন তা-ই করেছেন। তাঁরাই ছিলেন সঠিক। অতএব, আমরা পরিণামের ভিত্তিতে বিচার করব না এবং রসূল ﷺ এর পদ্ধতিরও পরিবর্তন করার চেষ্টা করব না এবং "আমরা আধুনিক যুগে বসবাস করছি" এ কারণে রসূল ﷺ এর কোন পদ্ধতির পরিবর্তন করার চেষ্টা করব না।

আজকের উম্মাহর জীবনে এটি একটি গুরুত্বপূর্ণ ও লক্ষণীয় ত্রুটি। আমরা সবকিছুই ফলাফলের ভিত্তিতে বিচার করি, এমনকি ইসলামী আন্দোলনগুলোও এভাবেই কাজ করে। এটা পশ্চিমা প্রভাবের কারণেও হতে পারে। আমরা ইসলামকে ব্যবসা-বাণিজ্যের মত মনে করি না। ব্যবসার ক্ষেত্রে ফলাফলের ভিত্তিতেই সাফল্যর বিচার হয়। যদি দিন শেষে যথেষ্ট টাকা-পয়সা না হয়, তাহলে ধরে নেয়া হয় কিছু একটা সমস্যা আছে। আবার ভাল করে খতিয়ে দেখা হয়। কিন্তু আমরা আমাদের ইবাদতকে এভাবে নিতে পারিনা। আমরা যা কিছু করি, তা কেবল আল্লাহ্‌ বলেছেন বলেই করি, তা সেটার ফল ভাল হোক বা মন্দ, এটা পুরোপুরি আল্লাহর উপর। আমরা কোনকিছুর ফল-ই নিয়ন্ত্রণ করতে পারিনা।

আর যদি কেউ পরিণামের ভিত্তিতে বিচার করে, তবে তার বলার কথা যে উহুদ ছিল একটা ভয়াবহ ব্যর্থতা এবং রসূল ﷺ এর এখানে যুদ্ধ করাই ঠিক হয়নি, এটা তার ভুল ছিল (*নাউযুবিল্লাহ!*)। কিন্তু এমন কথা কেউ ভয়ে বলে না। আমরা বলি রসূল ﷺ ঠিক কাজই করেছেন, কেননা তিনি কেবল আদেশ পালন করেছিলেন (*জিহাদ ফী সাবিলিল্লাহ্‌*)। মুনাফিকরা নিম্নোক্তভাবে *জিহাদ* সম্পর্কে ধারণা পোষণ করেঃ "যদি জিহাদের মাধ্যমে ক্ষমতা, পদমর্যাদা, সম্পদ ও গণীমতের মাল পাওয়া যায়, তবে আমরা মুজাহিদীনদের সাথে যোগ দিব। আর যদি জিহাদের কারণে আমাদের ক্ষমতা, পদমর্যাদা, সম্পদ, জীবন হারাতে হয় তবে, আমরা জিহাদে যোগ দিবনা। এটা হিকমত পরিপন্থী।

আরেকভাবে প্রমাণ করা যায় যে, *জিহাদ*-ই সঠিক পথ এবং ফলাফল নিয়ে আমাদের উদ্বিগ্ন ও চিন্তিত হবার প্রয়োজন নেই। সেটা হচ্ছে রসূল ﷺ মৃত্যুর পূর্বে, রোমান সম্রাজ্যের বিরুদ্ধে ৩০০০ সৈন্যের একটি বাহিনী পাঠান। তিনি যখন মারা গেলেন, সেই বাহিনী তখনও রোমান সাম্রাজ্যে যায় নি, সৈন্যদের একত্রিত হবার স্থান ছিল। ঐটাই ছিল সৈন্য ঘাটি। রসূলুল্লাহ্‌ ﷺ মৃত্যুর পর মদীনার আশপাশের সমস্ত আরব গোত্ররা মুরতাদ্দ্বীন হয়ে গেল। তাই সাহাবাগণ বলল যে, এই ৩০০০ সৈন্য এখন এখানেই থাকুক, কারণ এখানেই এদের বেশি দরকার। তারা বললঃ "*আমাদের জন্য এখন রোমানদের সাথে যুদ্ধ করাটা যথাযথ হবে না, যেখানে মদীনার অদূরেই আমাদের বিপদ অপেক্ষা করছে।*" এমনকি এই বাহিনীর সেনাপতি উসামা বিন যায়েদ رضي الله عنه -এরও একই মত। উসামা رضي الله عنه, উমার رضي الله عنه এর মাধ্যমে মৌখিক বার্তা পাঠালেন যে, অধিকাংশ মুসলিমই তাঁর সাথে এবং তাঁরা সবাই এ ব্যাপারে একমত যে, রসূল ﷺ এর খলিফা ও তাঁর স্ত্রীদের অরক্ষিত অবস্থায় মদীনায় রেখে যাওয়াটা উচিত হবে না। তাছাড়া, তারা মদীনাকে সৈন্যহীন অবস্থায় রেখে যেতে চাননি। তখন আবু বকর رضي الله عنه কি বলেছিলেন? তিনি বলেছিলেনঃ "*যদি রসূল ﷺ-এর স্ত্রীদের পা কামড়ে ধরে কুকুর টেনেও নিয়ে যায়, তারপরও আমি এই বাহিনী পাঠাব। আর যদি মদীনায় আমি ছাড়া আর কেউ নাও থাকে, তারপরও আমি এই বাহিনী পাঠাব, কারণ রসূলুল্লাহ্‌ ﷺ-এর আদেশ দিয়েছেন।*" আবু বকর رضي الله عنه -এর কথা থেকে বুঝা যাচ্ছে উনি ফলাফল নিয়ে একটুও উদ্বিগ্ন ছিলেন না। যদি সবাই মারা যায় আর উনি একাই জীবিত থাকেন, তারপরও তিনি সেই সেনাবাহিনী পাঠাবেন। যদি পরিস্থিতি এতই খারাপ হয় যে কুকুর রসূল ﷺ-এর স্ত্রীগণদের পা টেনে নিয়ে যেতে থাকে, তারপরও তিনি এই বাহিনী প্রেরণ করবেন। তিনি বলতে চান যে, যদিও বা পরিণতি অত্যন্ত ভয়ঙ্কর হয়, তারপরও তিনি রাসূলের ﷺ কথানুযায়ী কাজ করবেন। এটা সেইসব লোকদের কথার পরিপন্থী যারা প্রতিটি কাজের লাভ, লোকসান হিসাব করতে থাকে, যতক্ষণ পর্যন্ত না শরীয়াহর সমস্ত বিষয় ভেজিটেবল স্যুপে পরিণত হয়, অর্থাৎ সবকিছু নষ্ট হয়ে হারিয়ে যায়। তখন শরীয়াহর কোন কিছুই আর বাকি থাকবে না, কারণ তারা সবকিছুকেই লাভ-লোকসান দিয়ে হিসাব করে আয়ত্তে আনতে চায়। সুবহানাল্লাহ! *জিহাদ ফী সাবিলিল্লাহ* তো সম্পূর্ণরূপে ক্ষতিই বয়ে আনে, তোমরা কি তোমাদের জীবন ও সম্পদ বিপদে ফেলতে যাচ্ছ! এটা তো নাফ সাদা, মাসলাহা নয়, যেহেতু তুমি তোমার জীবন ও সম্পদ বিপদে ফেলছ।

তাছাড়া, আমরা জিহাদের ব্যাপারে কোন ইজতিহাদ করতে পারি না। আপনারা কি সালাতের ব্যাপারে ইজতিহাদ করেন, যে *সলাত* পড়বেন কি না? সালাতের আদেশ নির্দিষ্ট ও স্থায়ী। আবু বকর ﷺ -এর ব্যাপারটি ছিল ইজতিহাদের বিষয়। যদি তা না হত, তাহলে সাহাবাগণ এর বিরুদ্ধে কথা বলতেন না।

অনেকেই *জিহাদ ফী সাবিলিল্লাহ*'র বিরুদ্ধে অনেক যুক্তি খাড়া করে যে, এর পরিণাম ভাল হবে না। আমাদের জবাব হওয়া উচিত "ফলাফলের জন্য আমরা দায়ী নই। *জিহাদ* হচ্ছে ফারদুল 'আইন, অতএব এটা আমাদের করতেই হবে, যদিওবা কুকুর আমাদের পরিবারবর্গকে ছিনিয়ে নিয়ে যায়।"

রোমান সাম্রাজ্যের দিকে যাবার পথে মুসলিম বাহিনী এমন এক আরব এলাকা অতিক্রম করে যাচ্ছিল, যারা মুসলিমদের আক্রমণ করার ফন্দী করছিল। তারা তখন দেখল যে মুসলিম বাহিনী রোমানদের আক্রমণ করতে যাচ্ছে, তারা নিজেদের বললঃ "যদি রোমানদের সাথে যুদ্ধ করার মত শক্তি এদের থাকে, তবে নিশ্চয়ই মদীনায় প্রতিরক্ষার জন্য এর চেয়েও বেশি শক্তি সেখানে রয়েছে, অতঃপর তারা তাদের সিদ্ধান্ত পরিবর্তন করল এবং মুসলিম বাহিনীকে আক্রমণ করা থেকে বিরত থাকল। সুবহানাল্লাহ! আল্লাহ্ কুফ্ফারদের অন্তরে ভয় ঢুকিয়ে দিলেন, এমনকি যখন মুসলিমরা ছিল দূর্বল। যদি মুসলিমরা খাঁটি ও আন্তরিক হয়, তবে আল্লাহ্র সাহায্য আসবেই। যখন রোমানরা মুসলিম বাহিনীর আগমনের খবর পেল, তাদের কি অবস্থা হল? হিরাকল একই দিনে রসূল ﷺ-এর মুসলিম বাহিনীর আগমনের সংবাদ পেয়েছিল। সে বললঃ *"যদি এদের নেতার মৃত্যুর দিনেই তাঁর বাহিনী যুদ্ধ করতে পাঠান হয়, তবে নিশ্চয়ই এর মধ্যে কোন ব্যাপার আছে"*।

অতঃপর তারা মুসলিমদের সাথে যুদ্ধ করতে অস্বীকৃতি জানাল। এমনই হয় যখন কেউ পরিণামের ভার পুরোপুরিভাবে আল্লাহ্র উপর ছেড়ে দেয়। এমন দৃষ্টান্ত আমাদের সাম্রাজ্যে প্রবেশ করল অর্থাৎ একজন রোমানও তাদের সম্মুখীন হল না। তারা গণীমতের মাল সংগ্রহ করে মদীনায় ফিরে গেল। এই আয়াতের অর্থ এটাই-

﴿... وَمَنْ يَتَّقِ اللَّهَ يَجْعَلْ لَهُ مَخْرَجًا ... وَمَنْ يَتَوَكَّلْ عَلَى اللَّهِ فَهُوَ حَسْبُهُ إِنَّ اللَّهَ بَالِغُ أَمْرِهِ قَدْ جَعَلَ اللَّهُ لِكُلِّ شَيْءٍ قَدْرًا﴾

**"... যে কেউ আল্লাহ কে ভয় করে আল্লাহ্ তার পথ করে দিবেন, ..... যে ব্যক্তি আল্লাহ্র উপর নির্ভর করে তার জন্য আল্লাহ্-ই যথেষ্ট। আল্লাহ্ তার ইচ্ছা পূরণ করবেনই; আল্লাহ্ সমস্ত কিছুর জন্য স্থির করেছেন নির্দিষ্ট মাত্রা।"**[৩৭]

যতক্ষণ আপনার তাক্ওয়া আছে, আল্লাহও আপনার সাথে ততক্ষণই আছেন। তাক্ওয়া যতই বৃদ্ধি পাবে, আল্লাহ্ও তত বেশি আপনাকে সাহায্য করবেন।

### ফলাফলের ভিত্তি বিচার করলে তা কুফর আর হতাশাই বয়ে আনেঃ

যারা ফলাফলের ভিত্তিতে বিচার করে, পরিণাম স্বরূপ তা হয় কুফরের দিকে নিয়ে যায় অথবা হতাশা বয়ে আনে। এটা ভীষণ বিপজ্জনক। দুঃখজনকভাবে, অনেক মুসলিমই আজ তাই করছে। অনেক মুসলিমই বিজয় ও পরাজয়ের ব্যাপারে ভীষণ কপটতাপূর্ণ অভিমত পেশ করে। যদি তারা কোথাও মুসলিমদের বিজয় দেখে, তবে তারা এর প্রশংসা করবে এবং মানুষকে দেখাবে যে তারাও এর-ই অংশ ছিল। আর যদি মুসলিমদের পরাজয় দেখে, তবে এর সমালোচনা করবে এবং মানুষকে দেখাবে যে, তাদের সাথে এর কোন সম্পর্কই নেই। ইতিহাসেই এর উত্তম প্রমাণ পাওয়া যায়, যখন সোভিয়েত ইউনিয়ন আফগানিস্তান আক্রমন করল, তখন অনেক মুসলিমকেই এর জন্য প্রস্তুতি নিতে, এর পক্ষে খুতবাহ দিতে, এসবের প্রশংসা করতে দেখা গেল। আবার যখন আমেরিকা আফগানিস্তান আক্রমণ করল, তখন ঠিক এদেরকেই আমরা পুরো উল্টা অবস্থান নিতে দেখি। তারা মুজাহিদীনদের সমালোচনা করে, তাদের অপমানিত করে, তাদের জঙ্গী-সন্ত্রাসী হিসাবে আখ্যায়িত করে আর বলে যে ওদের কোন হিকমাহ নেই। এ দু'য়ের মধ্যে পার্থক্য কোথায়? এর একমাত্র কারণ হচ্ছে,

[৩৭] সূরা তালাকঃ ২-৩

মুসলিমরা আমেরিকাকে ভয় করে। কারণ তারা দাবী করে যে তারা মানুষের ক্ষতি করতে সক্ষম। তারা আমেরিকাকে এর স্লোগান আর কাজকর্মের জন্য ভয় পায়। বুশ বলেছে যে, আপনি যেখানেই থাকুন না কেন ন্যায়-বিচারের(প্রকৃতপক্ষে জুলুমের) দীর্ঘ হস্ত আপনাকে ধরবেই। অতএব, মানুষ আল্লাহর ক্রোধ আর অভিশাপকে ভয়ের বদলে আমেরিকার ক্রোধকে ভয় করে। আজকালকার বেশিরভাগ উলামাই জিহাদের বিরুদ্ধে কেন? এর একমাত্র কারণ হচ্ছে, আমেরিকা এর সাথে জড়িত। এটি নিফাকের একটি চিহ্ন। আফগানিস্তান এর আগেও কুফ্ফারদের দ্বারা আক্রান্ত হয়েছিল। এবারও কুফফারদের দ্বারা আক্রান্ত হয়েছে। এর মধ্যে কোন পার্থক্য নেই। মুজাহিদীনদের পরাজয়ের সবচেয়ে বড় লাভ হচ্ছে যে তাদের বাহিনী পরিশুদ্ধ হয়; কারা কুফ্ফারদের পক্ষে জয়ধ্বনি দেয় তা প্রকাশ হয়ে যায়। মানুষ তখন জানতে পারে, কারা মু'মিন আর কারা মুনাফিক। আল্লাহ্ তাদের সম্পর্কে বলেছেনঃ

﴿ وَإِنَّ مِنْكُمْ لَمَنْ لَيُبَطِّئَنَّ فَإِنْ أَصَابَتْكُمْ مُصِيبَةٌ قَالَ قَدْ أَنْعَمَ اللَّهُ عَلَيَّ إِذْ لَمْ أَكُنْ مَعَهُمْ شَهِيدًا ﴾

**"আর তোমাদের মধ্যে এমনও কেউ কেউ রয়েছে, যারা অবশ্য বিলম্ব করবে এবং তোমাদের উপর কোন বিপদ উপস্থিত হলে বলবে, আল্লাহ্ আমার প্রতি অনুগ্রহ করেছেন যে, আমি তাদের সাথে যাইনি।"**[৩৮]

যেসব মানুষ জিহাদে যাওয়ার কথা ভেবেছিল আর পরে এর পরিণতি দেখে বলল, আলহামদুলিল্লাহ্! আমি যাইনি। তা নাহলে আমি এখন হয়ত কোন দ্বীপে আটকে থাকতাম।" আল্লাহ ﷻ বলেনঃ

﴿الَّذِينَ يَتَرَبَّصُونَ بِكُمْ فَإِنْ كَانَ لَكُمْ فَتْحٌ مِنَ اللَّهِ قَالُوا أَلَمْ نَكُنْ مَعَكُمْ وَإِنْ كَانَ لِلْكَافِرِينَ نَصِيبٌ قَالُوا أَلَمْ نَسْتَحْوِذْ عَلَيْكُمْ وَنَمْنَعْكُمْ مِنَ الْمُؤْمِنِينَ فَاللَّهُ يَحْكُمُ بَيْنَكُمْ يَوْمَ الْقِيَامَةِ وَلَنْ يَجْعَلَ اللَّهُ لِلْكَافِرِينَ عَلَى الْمُؤْمِنِينَ سَبِيلًا﴾

**"এরা এমনি মুনাফেক যারা তোমাদের কল্যাণ-অকল্যাণের প্রতীক্ষায় ওঁৎ পেতে থাকে। অতঃপর আল্লাহ্র ইচ্ছায় তোমাদের যদি কোন বিজয় অর্জিত হয়, তবে তারা বলে, আমরাও কি তোমাদের সাথে ছিলাম না? পক্ষান্তরে কাফেরদের যদি আংশিক বিজয় হয়, তবে বলে, আমরা কি তোমাদেরকে ঘিরে রাখিনি এবং মুসলমানদের কবল থেকে রক্ষা করিনি? সুতরাং আল্লাহ্ তোমাদের মধ্যে কেয়ামতের দিন মীমাংসা করবেন এবং কিছুতেই আল্লাহ্ কাফেরদেরকে মুসলমানদের উপর বিজয় দান করবেন না।"**[৩৯]

মানুষ মুজাহিদীনদের নিয়ে লাফালাফি করে, কিন্তু যখন ওদের পরাজয় হয় তখন তারা বলে যে, ওদের সঙ্গে আমাদের কোন সম্পর্ক নেই। *জিহাদ* এমন একটি ইবাদত যা কেবল তাদের পক্ষেই সম্ভব যারা এর উপযুক্ত। এটা তাদের জন্য, যারা দুঃখ ও কষ্টের পরীক্ষা সামাল দিতে পারে। কখনও কখনও জিহাদের সাথে বিজয় বা বীর প্রমাণিত হওয়া কিংবা গণীমতের মাল ইত্যাদির কোনও সম্পর্ক থাকে না। আজকের দিনে *জিহাদ* করা মানেই হয় নিহত হওয়া বা গ্রেফতার হওয়া। তথাপি এটা জিহাদে না যাবার কোন অজুহাত নয়। আমাদের সম্পদ ও সমস্ত প্রচেষ্টা কেবল এদিকেই পরিচালিত করা উচিত। যদি কেউ *জিহাদ* করে আর ভেবে নেয় যে, *জিহাদ* কোন নির্দিষ্ট ব্যক্তির উপর নির্ভরশীল, তবে বেশিরভাগ ক্ষেত্রেই তারা পরাজয়ের সম্মুখীন হবে। যদিওবা এটা যুদ্ধের ময়দানে পার্থিব পরাজয় নাও বয়ে আনে, তথাপি এটা তাদের অন্তরে নৈতিক পরাজয় বয়ে আনবে, যখন তারা দেখবে যে, তারা যে নেতার উপর জিহাদের বিজয় নির্ভরশীল ভেবেছিল, তার মৃত্যু হয়েছে। অতএব, কোন ব্যক্তি বা নেতার উপর নির্ভরশীল হওয়াটা অনুচিত। *জিহাদ*কে কোন ব্যক্তির উপর নির্ভশীলতা থেকে মুক্ত করা উচিত। হ্যাঁ, অবশ্যই সমস্ত পরিকল্পনা ও অন্যান্য কাজে সমন্বয়ের জন্য আমাদের নেতৃত্বের প্রয়োজন, তবে নেতৃত্ব হারানোর সাথে সাথে যেন মুসলিমদের সাথে জিহাদের সম্পর্ক শেষ না হয়ে যায়। কোন বিশৃঙ্খল অবস্থার প্রতি আহবান জানাচ্ছিনা। পরিকল্পনাকারী, সমন্বয়কারী হিসেবে আমীর থাকবে কিন্তু *জিহাদ* চালু রাখার জন্য তার বেঁচে থাকা জরুরী নয়। যখন সে মারা যাবে, তখন অন্য আমীর তাঁর জায়গায় আসবে। আল্লাহ্ তার জায়গায় এর চেয়েও উত্তম আমীর দিতে পারেন। ইতিহাস সাক্ষী হয়ে আছে এমন সব সিংহের, যাদের সামর্থ্যের ব্যাপারে মানুষ ভাবতেও পারেনি। এই উম্মাহ বৃষ্টি বর্ষনের মত! আপনি বুঝতে পারবেন না কখন এই উম্মাহর সবচেয়ে শক্তিশালী অংশ আসতেছে অথবা চলে যাচ্ছে , তখন এ সব ব্যাপারে সমঝদার মুসলিমরা এ পথে কেবল আরও দৃঢ়ই হবে, কেননা তারা জিহাদের রবের ইবাদত করে, জিহাদের নেতৃত্বের না। নেতার মৃত্যুর সম্ভাবনা তো অন্য যেকোন সাধারণ সৈন্যের মৃত্যুর সম্ভাব্যতার মতই। আমাদের নেতারা তো আসলে শাহাদাহ'র সন্ধানেই রয়েছে, যাতে করে তারা জান্নাতে তাদের স্ত্রীদের সাথে মিলিত হতে পারে এবং

---

[৩৮] সূরা আন-নিসাঃ৭২
[৩৯] সূরা আন-নিসাঃ ১৪১

আল্লাহ্‌র এত নিকটবর্তী হতে পারে, যা  এর পূর্বে কখনও হয়নি। তারা অধীর আগ্রহে সেই দিনের অপেক্ষাই করছে। অতএব, দেখা যাচ্ছে যে, *জিহাদ* একটি ধ্রুবক, কেননা রসূল ﷺ এর মৃত্যুর পর *জিহাদ* তো কমেইনি, বরং বেড়েছে। *খুলাফা আর রাশিদীনের* সময় ইসলামের ব্যাপক প্রসার ঘটল। *জিহাদ* নিজেই এত শক্তিশালী যে, নেতার অনুপস্থিতি একে নাড়া দিতে পারে না।

# অধ্যায়ঃ ৩

# তৃতীয় বৈশিষ্ট্য ঃ জিহাদের নির্দিষ্ট কোন স্থানের উপর নির্ভর করে না

*"মুনাফা রক্ষার চেয়ে মূলধন রক্ষা করা বেশি জরুরী।"*

*-শাইখুল ইসলাম ইবন তাইমিয়্যাহ* رحمه الله

## তৃতীয় বৈশিষ্ট্য ঃ জিহাদ নির্দিষ্ট কোন স্থানের উপর নির্ভর করে না

*জিহাদ* কিয়ামত পর্যন্ত চলবে- এর পক্ষে সমস্ত প্রমাণ দেয়ার পর, এখন আমরা এ প্রমাণ দিব যে, *জিহাদ* কোন নির্দিষ্ট স্থানের উপর নির্ভরশীল নয়।

লোকে বলে, *জিহাদ* করতে চাইলে অমুক (নির্দিষ্ট) স্থানে যেতে হবে। এখন সমস্যা হচ্ছে, যদি ঐসব স্থানে *জিহাদ* বন্ধ হয়ে যায়, তবে মানুষ কোথায় *জিহাদ* করবে? অতএব আমাদের একটি গুরুত্বপূর্ণ মূলনীতি প্রতিষ্ঠা করতে হবে; *জিহাদ* বিশ্বজনীন, এটা কেবল স্থানীয় ঘটনা নয়। *জিহাদ* কোন সীমানা বা অন্তরায় দ্বারা বাধা পড়ে না; এগুলো জিহাদের পথে বাধা হতে পারে না। *জিহাদ* এ সমস্ত ঔপনিবেশিক সীমান্ত স্বীকার করে না, যেগুলো মানচিত্রে কোন এক কালের শাসক একেছিল। *জিহাদ* এ সমস্ত সীমানা মানে না।

## জিহাদ অবশ্যই আপনার জীবনের একটি অংশ হতে হবে

যদি কোন মুসলিম আল্লাহ্‌র বার্তা ছড়াতে চায়, তবে তার জিহাদের অনুশীলন করা উচিত। সাহাবাগণ এভাবেই ব্যাপারটা বুঝতেন। তাঁদের এই বুঝের একটি সুস্পষ্ট বহিঃপ্রকাশ পাওয়া যায় ইরবা'ঈ বিন আমর رضي الله عنه নামে একজন সাহাবার চিঠিতে যিনি পারস্য সেনাপতি রুস্তমের নিকট দূত হিসেবে চিঠি নিয়ে গিয়েছিলেন। সেনাপতি তাকে জিজ্ঞাসা করল কেন সে এসেছে। ইরবা'ঈ বিন আমর رضي الله عنه তার আক্রমণাত্মক জিহাদের মূল উদ্দেশ্য সম্পর্কে সংক্ষিপ্ত যা বলেছিলেন তা হচ্ছেঃ *"আল্লাহ্‌র ইচ্ছায় মানুষকে মানুষের গোলামী থেকে উদ্ধার করে এক ও অদ্বিতীয় আল্লাহর বন্দেগীতে নিয়োগ করার জন্য আল্লাহ্‌ আমাদের পাঠিয়েছেন। যারা দুনিয়ার সংকীর্ণতা থেকে নিজেদের মুক্ত করে আখেরাতের সীমাহীন কল্যাণ পেতে ইচ্ছুক, তাদের সে প্রশস্ত ময়দানে পৌঁছাতে এবং মানব রচিত ধর্মের অত্যাচার থেকে রেহাই দিয়ে মানুষকে ইসলাম প্রদত্ত ন্যায় নীতির অধীনে আনয়ন করা আমাদের লক্ষ্য। তিনি আমাদের এই দ্বীন দিয়ে পাঠিয়েছেন, মানুষকে এর দিকে আহবান করার জন্য। যদি তোমরা ইসলাম গ্রহণ কর, তবে আমরা তোমাদের এই স্থানের দায়িত্বে ছেড়ে দিব আর যে কেউ আমাদের দাওয়াহ বা আহবান প্রত্যাখ্যান করে তাদের সাথে ততক্ষণ যুদ্ধ করব, যতক্ষণ না আল্লাহর দেয়া প্রতিশ্রুতিতে পৌছতে পারি।"*[৪০] ইরবা'ঈ বিন আমর رضي الله عنه বলেন যে, আল্লাহ্‌র সাথে অন্য মূর্তি এবং তাগুতের পূজা করা ঠিক নয়। তিনি বলেন যে, *"আমরা তোমাদের বাঁচাতে এসেছি, যদিও হিদায়াত মানুষের হাতে নয় বরং আল্লাহর হাতে"*, তথাপি সে বলেছে, *"এক ও অদ্বিতীয় আল্লাহ্‌র বন্দেগীতে নিয়োগ করার জন্য আল্লাহ্‌ আমাদের পাঠিয়েছেন।"* কুরআন-ই মানুষকে সত্য পথ দেখায় এবং মানুষের পরিণাম সম্পর্কে বলে দেয়। এটা এমন গ্রন্থ যা মানুষের আত্মাকে পরিশুদ্ধ করে। কুরআন সবকিছুর সঠিক রূপ সম্পর্কে ধারণা দেয় এবং প্রকৃতপক্ষ দুনিয়া কি তা মানুষকে বুঝিয়ে দেয়। একজন সত্যিকারের মুসলিম অনুভব করে যে, সে নবীদের প্রকৃত অনুসারী। রুস্তম জিজ্ঞাসা করেছিল, *"আর আল্লাহর প্রতিশ্রুতি কি?"* তিনি বলেন, *"নিহতদের জন্য জান্নাত আর যারা বেঁচে থাকবে তাদের জন্য বিজয়।"* আক্রমণাত্মক জিহাদের আগে দাওয়াহ দিতে হবে। এক্ষেত্রে এটাই জিহাদের উদ্দেশ্য। কারণ এখানে খিলাফতের প্রসার হচ্ছে। তবে *জিহাদ আদ-দাফ* বা আত্মরক্ষামূলক জিহাদে দাওয়া দেয়ার কোন সুযোগ নেই, কারণ এখানে শত্রুদের সেই স্থান থেকে প্রতিহত করাই উদ্দেশ্য। মানুষ বলে, *"কেন দখলকারীদের সাথে এমন বর্বরোচিত আচরণ করা হয়? ওদের কি দাওয়া দেয়া উচিত নয়?" না। ওরা আমাদের জায়গায় এসেছে, ওদের সাথে এমন আচরণই করা উচিত। তাদেরকে তাদের জায়গায় দাওয়াহ দিব। যদি তারা সেনাবাহিনী নিয়ে আসে, তবে ওদের সাথে সমান শক্তি নিয়েই মিলিত হওয়া উচিত, যদি কোন স্থানে আত্মরক্ষামূলক জিহাদ করা হয়। যেমন ইবন তাইমিয়্যাহ* رحمه الله *বলেছেন, "মুনাফা রক্ষার চেয়ে মূলধন রক্ষা করাটা বেশি গুরুত্বপূর্ণ।"* এখানে মুসলিমরা হচ্ছে মূলধন আর মুনাফা হচ্ছে যা দাওয়া দেয়ার মাধ্যমে লাভ করা যায়। অতএব, মুনাফা রক্ষার চেয়ে মূলধন রক্ষা করাটা অনেক বেশি গুরুত্বপূর্ণ।

যদি কোন মুসলিম ইসলামে বিশ্বাস স্থাপন করে আর ইসলাম প্রচার করতে চায়, তবে তাকে বিশ্বাস করতেই হবে যে, *জিহাদ* যেকোন সময় ও কালের জন্য উপযুক্ত। ব্যাপারটা এমন নয় যে, মুসলিমরা সমগ্র বিশ্বে অশান্তি আর বিশৃঙ্খলার সৃষ্টি করতে চায়, বরং *জিহাদ* যেকোন সময়-কালের জন্য উপযুক্ত, যখন এর শর্ত ও পূর্বশর্তগুলো থাকে। সমগ্র মুসলিমের এই ঈমান থাকা উচিত যে, *জিহাদ* কিয়ামত পর্যন্ত চলবে এবং আমরা এই উপসংহারে আসতে পারি যে, আজ কোথাও না কোথাও *জিহাদ* চলছে।

*জিহাদ ফী সাবিলিল্লাহ*র দু'ধরনের শর্ত রয়েছে-

---

[৪০] আল বিদায়া ওয়া আন নিহায়া- ইবনে কাসীর

১) শরীয়াগত শর্ত

২) কৌশলগত শর্ত

এ ধরনের বিবেচনা থাকলে যে কেউ মুক্তভাবে *জিহাদ ফী সাবিলিল্লাহ*র ইবাদত করতে পারবে, কেননা এক্ষেত্রে একে কোন নির্দিষ্ট স্থানের সাথে সংশ্লিষ্ট করা হচ্ছে না। অন্যভাবে বলা যায়, মানুষ বলে যে, যদি তোমরা ফিলিস্তিন দখলদারী ইসরাঈলীদের সাথে যুদ্ধ করতে চাও, তবে কেবল ফিলিস্তিনেই করতে পারবে এবং পৃথিবীর অন্য কোন স্থানে নয়। এটা একটি সম্পূর্ণ ভ্রান্ত ও ভিত্তিহীন ধারণা। কে বলেছে যে, তারা মুসলিমদের সাথে যে যুদ্ধ শুরু করেছে, তা কেবল তাদের দখল করা এলাকাতেই সীমাবদ্ধ থাকতে হবে? যদি কোন নির্দিষ্ট গোত্র ও জাতি শরীয়াহ অনুযায়ী আহলুল হারব হিসেবে আখ্যায়িত হয়, তবে এটা সমগ্র পৃথিবীর বুকেই তাদের এই নাম প্রযোজ্য। এটা কোন নির্দিষ্ট এলাকার জন্য সীমাবদ্ধ নয়। মুসলিমরা মক্কা ছেড়ে মদীনায় চলে গিয়েছিল, কেউ বলে নি যে, কুরাইশদের সাথে যুদ্ধ করতে হলে তা কেবল মক্কায়ই করতে হবে, অন্য কোথাও না। রসূল ﷺ মদীনায় তার ভিত্তি গড়ে তোলেন এবং সেখান থেকে সব যুদ্ধ পরিচালনা করেন।

মদীনা রসূল ﷺ এর খুব একটা পছন্দের কোন স্থান ছিল না, অথচ ইসলাম সেখানেই ছাড়িয়ে ছিল। রসূল ﷺ কোন স্থান অনুযায়ী ইসলামকে পরিবর্তন করেন নি, বরং ইসলাম অনুযায়ী সেই স্থানকে সাজিয়ে ছিলেন। এটা পাশ্চাত্যের মুসলিমদের কথার ঠিক উল্টো। তারা বলে যে, যেহেতু আমরা পাশ্চাত্যে থাকি অতএব আমাদের পশ্চিমা ইসলাম বা আমেরিকান ইসলাম দরকার। যার অর্থ মুসলিমরা অন্য যেকোন আমেরিকানদের মতই তাদের সংস্কৃতি, শিক্ষা ও আকাঙ্খা অনুযায়ী চলতে পারবে। যদি অনুভব করেন যে, ঐ স্থানে থাকতে হলে আপনার ইসলামকে পরিবর্তন করতে হবে, তবে বুঝতে হবে যে, আপনার ঐ স্থান থেকে হিজরত করা অত্যন্ত জরুরী। যদি আপনি ইসলামকে পূর্ণাঙ্গরূপে পালন করতে না পারেন, তবে ঐ স্থান থেকে আপনার হিজরত করতে হবে। রসূল ﷺ কখনও বলেননি যে, আমার মক্কায় থাকা উচিত, ভাল নাগরিক হওয়া উচিত, কিছু দাওয়ার কাজ করা উচিত, চরমপন্থী প্রচার করা থেকে বিরত হয়ে তাদের সমাজ ব্যবস্থা ও ইলাহ সম্বন্ধে খারাপ কথা বলা ত্যাগ করা উচিত, যাতে করে তারা  ইসলামকে ভালবাসে। না, বরং রসূলুল্লাহ ﷺ ইসলামকে এর পূর্ণরূপে তুলে ধরেছিলেন এবং বলেছিলেন যে, এর উপর তার কোন হাত নেই এবং তিনি একে পরিবর্তনও করতে পারবেন না। আল্লাহ্ ﷻ কুরআনে বলেছেনঃ

﴿ يَا أَيُّهَا الرَّسُولُ بَلِّغْ مَا أُنْزِلَ إِلَيْكَ مِنْ رَبِّكَ وَإِنْ لَمْ تَفْعَلْ فَمَا بَلَّغْتَ رِسَالَتَهُ وَاللَّهُ يَعْصِمُكَ مِنَ النَّاسِ إِنَّ اللَّهَ لَا يَهْدِي الْقَوْمَ الْكَافِرِينَ ﴾

**“হে রসূল! তোমার রবের নিকট হতে তোমার প্রতি যা অবতীর্ণ হয়েছে তা প্রচার কর; যদি না কর, তবে তো তুমি তার বার্তা প্রচার করলে না। আল্লাহ্ তোমাকে মানুষ হতে রক্ষা করবেন। নিশ্চয়ই আল্লাহ্ কাফির সম্প্রদায়কে সৎপথকে পরিচালিত করেন না। ”**[৪১]

একটি গোত্র ইসলাম কবুল করতে রাজী হল কিন্তু এক শর্তে যে, রসূলের ﷺ মৃত্যুর পর তাদের ক্ষমতা দিতে হবে। রসূল ﷺ রাজী হলেন না, কারণ এই পৃথিবী আল্লাহ্‌র এবং কে এই পৃথিবীতে আল্লাহ্‌র প্রতিনিধিত্ব করবে, তা নবীদের নিয়ন্ত্রণাধীন নয়। আরেকটি গোত্র ইসলামী রাষ্ট্রকে সুরক্ষা দিতে রাজী হল কিন্তু তারা বলল যে, পারস্য সাম্রাজ্য থেকে একে সুরক্ষা দিতে তারা অপারগ। অন্য আরব গোত্র থেকে একে সুরক্ষা দিতে তারা রাজী আছে। রসূলুল্লাহ্ ﷺ বলেন যে, এই দ্বীন কেবল তারাই বহন করতে পারবে, যারা একে সবদিক থেকে ঘিরে রাখবে অর্থাৎ সর্বদিক থেকে সুরক্ষা দিবে। হয় তোমরা এই দ্বীনকে সবদিক থেকে সব আক্রমণ থেকে রক্ষা করবে নতুবা তোমরা তোমাদের দায়িত্ব কর্তব্য পালন করতে পারলে না। অতঃপর রসূল ﷺ এই প্রস্তাব ফিরিয়ে দিলেন। পরে রসূল ﷺ মদীনাবাসীদের তাঁর সমস্ত প্রস্তাব গ্রহণে আগ্রহী দেখলেন। তারা রসূলকে ﷺ জিজ্ঞাসা করলোঃ *“এর প্রতিদানে আমরা কি পাবো, ইয়া রসূলুল্লাহ্?”* তিনি বললেন, *“জান্নাত”* আনসাররা তাঁর এই উত্তরে ভীষণ খুশী হল এবং বললঃ *“কতইনা লাভজনক বানিজ্য! আমরা কখনই এর থেকে পিছু হঠব না।”*

অনেক পাশ্চাত্য মুসলিমই উসূল আল ফিকহ্‌কে পরিবর্তন করে নতুন ফিকহ্ তৈরী করতে চায়, যাতে করে ইসলাম পাশ্চাত্য আদর্শকে গ্রহণ করে নেয়। এমনকি তারা কিছু আক্বীদা বাদও দিয়ে দেয়, কারণ তা পাশ্চাত্যের জন্য খুবই চরমপন্থী। এমনকি কিছু ইবাদত বাদ দিয়ে

[৪১] সূরা আল-মায়িদাঃ ৬৭

দেয়া হয়। মূলতঃ তারা পাশ্চাত্যের জন্য ইসলামকে পরিবর্তন করে ফেলছে এবং নিঃসন্দেহে এ রকম ইসলামকেই পাশ্চত্যরা প্রচার করবে এবং এর প্রতি সন্তুষ্ট হবে।

সাহাবাগণ পূর্ব থেকে পশ্চিমে ইসলামের প্রসার ও প্রচার ও প্রতিষ্ঠার মাধ্যমে রসূল ﷺ এর পথ অনুসরণ করেছিল। সাহাবাগণ যে কারণে মদীনা ত্যাগ করেছিল আর যে কারণে মক্কা ত্যাগ করেছিল তা এক ছিল না। বরং তারা মদীনা ত্যাগ করেছিল *জিহাদ ফী সাবিলিল্লাহ*র জন্য। ইমাম মালিক رحمه الله তার মুয়াত্তায় উল্লেখ করেছেন সালমান আল ফারসীর رضي الله عنه কাছে তার প্রিয় বন্ধু আবু দারদার رضي الله عنه লেখা চিঠি *"এই পবিত্র ভূমিতে এসো"* সালমান আল ফারসী رضي الله عنه জবাব দিয়েছিলেন, *"কোন পবিত্র ভূমি মানুষকে পবিত্র করে না বরং তার আমল-ই তাকে পবিত্র করে তুলে।"*[৪২]

তাঁরা *জিহাদ*কে কেবল মক্কা বা মদীনার সাথে সংশ্লিষ্ট করে রাখেননি, বরং বিশ্বের যেকোন স্থানে যখনই এর পূর্বশর্তগুলো পূরণ হবে, তখনই *জিহাদ* হবে।

ইমাম শাফেয়ী رحمه الله বলেনঃ *"বছরে নূন্যতম অন্তত একবার জিহাদে অংশগ্রহণ করা উচিত আর এর বেশি তো অবশ্যই উত্তম। একটি বছর চলে যাবে অথচ কেউ জিহাদ করবে না- এটা কখনই গ্রহণযোগ্য নয়, কিছু ব্যতিক্রম অবস্থা ছাড়া যেমন- মুসলিমদের দূর্বলতা ও শত্রু পক্ষের সংখ্যাধিক্য, অথবা প্রথমে আক্রমণ করলে বিলীন হয়ে যাবার সম্ভাবনা অথবা সংস্থানের অভাব (যেমন-অর্থ, সরঞ্জাম, জনশক্তি ইত্যাদি) অথবা অনুরূপ ওজর। তা না হলে কোন প্রয়োজন ছাড়া কাফিরদেরকে এক বছরের বেশী সময় ধরে আক্রমণ না করে থাকাটা মেনে নেয়া যায় না।"*

আল হারামাইনের ইমাম বলেছেন, *"আমি উসূলের আলিমদের মতামত গ্রহণ করি। তারা বিবৃতি দিয়েছেন যে, জিহাদ অবশ্য পালনীয় এবং এটি জারী রাখতে হবে সামর্থ্য অনুযায়ী, যতক্ষণ পর্যন্ত না বিশ্বে শুধু মুসলিম বা যারা মুসলিমদের কাছে আত্মসমর্পন করে ফেলেছে এমন ব্যক্তিরা থাকে। অতএব, জিহাদ কেবল বছরে একবারের মধ্যে সীমাবদ্ধ নয়। এটা সম্ভব হলে আরও ঘন ঘন করতে হবে। ফিকহ্'র আলিমগণ এমন উক্তি করেছেন, কারণ কোন যুদ্ধের প্রস্তুতি নিতে যে সময় লাগে তা-ই জিহাদকে বছরে একবারে নামিয়ে আনে।"*

ইমাম হাম্বলী رحمه الله মতালম্বী একজন তার আল-মুগনী গ্রন্থে বলেনঃ *"নূন্যতম জিহাদ হচ্ছে বছরে একবার। অতএব প্রতি বছরই জিহাদ করা আবশ্যক। যদি কখনও বছরে এর চেয়ে বেশি জিহাদ করবার প্রয়োজনীয়তা দেখা দেয়, তবে মুসলিমদের উপর তা অবশ্য পালনীয় হয়ে দাড়ায়।"*

আল কুরতুবী رحمه الله তার তাফসীরে বলেছেনঃ *"এটা ইমামের উপর আবশ্যক যে, সে প্রতি বছরই শত্রুর জায়গায় একটি হলেও বাহিনী প্রেরণ করবেন এবং ইমামকে স্বয়ং এসব যাত্রায় অংশগ্রহণ করতে হবে। যদি তা সম্ভব না হয়, তবে অন্ততপক্ষে এমন একজনকে পাঠাতে হবে, যাকে তিনি বিশ্বাস করেন বা যে তার আস্থাভাজন। যে তাদেরকে ইসলামের দিকে আহবান জানাবে, (তাদের) ক্ষতি থেকে (মুসলিমদের) দূরে রাখবে, আল্লাহর দ্বীনকে বিজয় দিবে, যতক্ষণ না তারা (পরিপূর্ণরূপে) ইসলামে প্রবেশ করে বা জিজিয়া দেয়।"*

লক্ষ্য করুন, আল কুরতুবীর رحمه الله বলেছেন যে, সৈন্যবাহিনী পাঠানোর একটি উদ্দেশ্য হচ্ছে (নিজেদের) থেকে শত্রুর ক্ষতি দূরে রাখা। এটি ইঙ্গিত করে যে, মুসলিমরা কখনই নিজেদের জীবনে শান্তির স্বাদ পাবে না, যদি না তারা আল্লাহর শত্রুদের তাদের এলাকায় আক্রমণ করে। আজকে আমরা এই দায়িত্ব পালন না করার পরিণতি দেখছি, এর চরম মূল্য আমাদের দিতে হচ্ছে প্রতি পদে পদে। আপনি যদি শয়তানকে বাধা না দেন বা না থামান, তবে সেও আপনাকে ছেড়ে দেবে না।

[৪২] মুয়াত্তাঃ গ্রন্থ ৩৭ঃ নং ঃ ৮,৭

# অধ্যায়ঃ ৪

# চতুর্থ বৈশিষ্ট্যঃ জিহাদ কোন নির্দিষ্ট যুদ্ধের উপর নির্ভরশীল নয়

*“ঐ সকল আলেমদেরকে বর্জন কর, যারা শাসকদের দারজায় গিয়ে ধরণা দেয় ... ।”*

*-ইমাম আল-গাজালী* رحمه الله

## চতুর্থ বৈশিষ্ট্যঃ *জিহাদ* কোন নির্দিষ্ট যুদ্ধ ক্ষেত্রের উপর নির্ভরশীল নয়

আরও একটি সমস্যা মানুষের মাঝে রয়েছে। আর তা হল, যখন কোন নির্দিষ্ট যুদ্ধে জয়লাভ করে তারা বলে যে, *জিহাদ* করে ঠিক কাজ করেছে এবং তারা যদি কোন যুদ্ধে পরাজিত হয় তবে বলে যে, তারা যুদ্ধ করে ভুল করেছে। এটি একটি গুরুতর সমস্যা। এ কারণে লেখক এই বিষয়টি বেশ কয়েকবার পুনরাবৃত্তি করেছেন।

সাধারণ মানুষ ফলাফলের উপর ভিত্তি করে জিহাদের বিষয়টি উপলব্ধি বা অনুধাবণ করতে চায়। যদি একদল মুজাহিদীন কোন নির্দিষ্ট যুদ্ধে জয়লাভ করে তখন মানুষ বলে যে, তারা সঠিক পথের উপর প্রতিষ্ঠিত। আর যদি তারা কোন যুদ্ধে পরাজিত হয়, তবে তারা ভুল পথে রয়েছে বলে মনে করে। এটি একটি ভুল উপলব্ধি।

রসূলুল্লাহ্ ﷺ একদল আম্বিয়াকে কেয়ামতের দিন দেখবেন যাদের কোন অনুসারী থাকবেনা। এটা মানে কি যে সেসব আম্বিয়াগণ ব্যর্থ? না, বরং তারা তাদের দায়িত্ব পালন করেছেন, পূর্ণরূপে, কিন্তু কেউ তাদের ডাকে সাড়া দেয়নি। যদি তাঁরা একজনকেও না পায়, তার সাথে ব্যর্থতার কোন সম্পর্ক নেই। কারণ, হিদায়াত আল্লাহ্‌র হাতে এবং কোন আম্বিয়া বা অন্য কারও হাতে না। আমরা কি বলতে পারি, রসূলুল্লাহ্ ﷺ এর দাওয়াহ্ তাঁর নিজ চাচা আবু তালিবের ক্ষেত্রে ব্যর্থ হয়েছিল? একটুও না। তিনি তাঁর দায়িত্ব সঠিকভাবে পালন করেছেন এবং তাঁর থেকেও বেশি করেছেন। তাঁর চাচার অন্তর আল্লাহর হাতে ছিল, রসূলুল্লাহ্ ﷺ -এর হাতে নয়।

